	ঢাকা পওর সার্কেল মোট :	২০৮৯.০০	৫৪৮.৬০	৩৬১.০০	৪৮৬.০০	২৪৬.৫০	৯৭.০০	৬৩৩.০৪	৪৮৫.৫০	৪০০.০০
	ময়মনসিংহ পওর সার্কেল :									
৬	ময়মনসিংহ পওর বিভাগ	২৫১.০০	৩৫.০০	৩৫.০০	২৪.০০	১২.২০	৪.৮০			
৭	টাংগাইল পওর বিভাগ	৪৬০.০০	৩৩১.০০	৩৩১.০০	৩.৫০	১.৭৫	০.৭০			
৮	নেত্রকোনা পওর বিভাগ	৫২০.০০	৩০০.২৫	৩০০.২৫	৭.০০	৩.৫০	১.৩০			
৯	কিশোরগঞ্জ পওর বিভাগ	৪৪০.০০	২৪৭.০০	২৪৭.০০	৬.০০	৩.০০	১.২০	৭.৯৫		
১০	জামালপুর পওর বিভাগ	৫৯০.০০	৩১০.০০	৩১০.০০	৪.৫০	২.২৫	০.৯০			
	ময়মনসিংহ পওর সার্কেল মোট :	২২৬১.০০	১২২৩.২৫	১২২৩.২৫	৪৫.০০	২২.৭০	৮.৯০	৭.৯৫	০.০০	০.০০
	<b>কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা মোট :</b>	<b>৪৩৫০.০০</b>	<b>১৭৭১.৮৫</b>	<b>১৫৮৪.২৫</b>	<b>৫৩১.০০</b>	<b>২৬৯.২০</b>	<b>১০৫.৯০</b>	<b>৬৪০.৯৯</b>	<b>৪৮৫.৫০</b>	<b>৪০০.০০</b>
	<b>পূর্বাঞ্চল, কুমিল্লা</b>									
	কুমিল্লা পওর সার্কেল :									
১১	কুমিল্লা পওর বিভাগ	১৮০.০০	০.০০	০.০০	৭.০০	৩.৫০	২.০০			
১২	গোমতি পওর বিভাগ	২৫০.০০	২৫.০০	২৫.০০	২১.০০	১০.৫০	৫.০০	৭.০০	৫.০০	২.০০
১৩	ব্রাহ্মণবাড়িয়া পানি উন্নয়ন বিভাগ	১৮৭.০০	৪১.০০	৪১.০০	৫০.৫০	৪০.২৫	২৫.১০			
	কুমিল্লা পওর সার্কেল মোট :	৬১৭.০০	৬৬.০০	৬৬.০০	৭৮.৫০	৫৪.২৫	৩২.১০	৭.০০	৫.০০	২.০০
	চাঁদপুর পওর সার্কেল :									
১৪	চাঁদপুর পওর বিভাগ	৬০০.০০	৩০০.০০	৩০০.০০	১৪.০০	৭.০০	৩.২০			
১৫	মেঘনা ধনাগোদা পওর বিভাগ	২২৪.০০	৫৬.০০	৫৬.০০	৮.৫০	৪.২৫	১.৭০			
১৬	চাঁদপুর যান্ত্রিক পওর বিভাগ	১২০.০০	৩০.০০	৩০.০০	২.০০	১.০০	০.০০	৩৮৭.০০	২২০.০০	১৮০.০০
	চাঁদপুর পওর সার্কেল মোট :	৯৪৪.০০	৩৮৬.০০	৩৮৬.০০	২৪.৫০	১২.২৫	৪.৯০	৩৮৭.০০	২২০.০০	১৮০.০০
	<b>পূর্বাঞ্চল, কুমিল্লা মোট :</b>	<b>১৫৬১.০০</b>	<b>৪৫২.০০</b>	<b>৪৫২.০০</b>	<b>১০৩.০০</b>	<b>৬৬.৫০</b>	<b>৩৭.০০</b>	<b>৩৯৪.০০</b>	<b>২২৫.০০</b>	<b>১৮২.০০</b>
	<b>উত্তর পূর্বাঞ্চল, সিলেট</b>									
	সিলেট পওর সার্কেল :									
১৭	সিলেট পওর বিভাগ	৪৮০.০০	১৮৬.০০	১৮৬.০০	৩৩.০০	১৯.৫০	৮.৬০	৬.০০	৪.৫০	৩.০০
১৮	সুনামগঞ্জ পওর বিভাগ	১৫৩৬.০০	১১৪৩.০০	১১৪৩.০০	১৬.০০	১০.০০	৩.২০			
	সিলেট পওর সার্কেল মোট :	২০১৬.০০	১৩২৯.০০	১৩২৯.০০	৪৯.০০	২৯.৫০	১১.৮০	৬.০০	৪.৫০	৩.০০
	মৌলভীবাজার পওর সার্কেল :									
১৯	মৌলভীবাজার পওর বিভাগ	৪৬৫.০০	১৮৬.৭৫	১৮৬.৭৫	৮.৫০	৪.২৫	১.৮০			
২০	হবিগঞ্জ পওর বিভাগ	৪৩৫.০০	২৭৭.৫০	২৭৭.৫০	৬.০০	৩.০০	১.২০			
২১	মৌলভীবাজার যান্ত্রিক পওর বিভাগ	৫০.০০	২৭.৫০	২৭.৫০	১.০০	০.৫০	০.২০	১৪৯.০০	৯০.০০	৭০.০০
	মৌলভীবাজার পওর সার্কেল মোট :	৯৫০.০০	৪৯১.৭৫	৪৯১.৭৫	১৫.৫০	৭.৭৫	৩.২০	১৪৯.০০	৯০.০০	৭০.০০
	<b>উত্তর পূর্বাঞ্চল, সিলেট মোট :</b>	<b>২৯৬৬.০০</b>	<b>১৮২০.৭৫</b>	<b>১৮০৬.২৫</b>	<b>৬৪.৫০</b>	<b>৩৭.২৫</b>	<b>১৫.০০</b>	<b>১৫৫.০০</b>	<b>৯৪.৫০</b>	<b>৭৩.০০</b>
	<b>দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম</b>									
	চট্টগ্রাম পওর সার্কেল :									
২২	চট্টগ্রাম পওর বিভাগ-১	১০৫০.০০	৬১০.০০	২১০.০০	৩৫.০০	২৫.০০	১১.২৫	৪৫.০০	৩৭.৫০	২১.৬২
২৩	চট্টগ্রাম পওর বিভাগ-২	১১৭০.০০	১২১.০০	১২১.০০	৫.০০	২.৫০	১.০০	০.৫০	০.২৫	০.২৫
২৪	কক্সবাজার পওর বিভাগ	৫৮৩.৭৯	১০.০০	১০.০০	২৬.০০	১৭.০০	৬.৫০	২.৮০	১.৪০	১.৪০
২৫	রাঙ্গামাটি পওর বিভাগ	৬৪০.০০	২২১.০০	৭১.০০	৬.০০	৩.০০	১.২০			
	চট্টগ্রাম পওর সার্কেল মোট :	৩৪৪৩.৭৯	৯৬২.০০	৪১২.০০	৭২.০০	৪৭.৫০	১৯.৯৫	৪৮.৩০	৩৯.১৫	২৩.২৭
	ফেনী পওর সার্কেল :									
২৬	ফেনী পওর বিভাগ	২৬০.০০	১২৫.০০	১২৫.০০	৩৪.০০	১৭.০০	৭.০০	১.০০	০.৫০	০.৫০
২৭	নোয়াখালী পওর বিভাগ	২০০.০০	৯৭.০০	৯৭.০০	৯.০০	৪.৫০	১.৮০			
২৮	লক্ষ্মীপুর পওর বিভাগ	২০০.০০	৬০.০০	৬০.০০	৪৪.০০	৩২.০০	২০.৮০	০.৫০	০.২৫	০.২৫
	ফেনী পওর সার্কেল মোট :	৬৬০.০০	২৮২.০০	২৮২.০০	৮৭.০০	৫৩.৫০	২৯.৬০	১.৫০	০.৭৫	০.৭৫
	<b>দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম মোট</b>	<b>৪১০৩.৭৯</b>	<b>১২৪৪.০০</b>	<b>৬৯৪.০০</b>	<b>১৫৯.০০</b>	<b>১০১.০০</b>	<b>৪৯.৫৫</b>	<b>৪৯.৮০</b>	<b>৩৯.৯০</b>	<b>২৪.০২</b>



২০১৪-১৫ অর্থ বছরের অনুন্নয়ন রাজস্ব বাজেটভুক্ত মেরামত মঞ্জুরী খাতের (অর্থকোড-৫৯৭৪, ৫৯৭৭ এবং ৫৯৬১) বাজেট বরাদ্দ ও ব্যয় বিবরণী

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	বিভাগের নাম	২০১৪-১৫ অর্থ বছরে মোট (কোড- ৫৯৭৪, সাধারণ কাজ)			২০১৪-১৫ অর্থ বছরে মোট (কোড- ৫৯৭৭, কলোনী মেরামত কাজ)			২০১৪-১৫ অর্থ বছরে মোট (কোড- ৫৯৬১, বৈদ্যুতিক কাজ)		
		বাজেট বরাদ্দ	অর্থ ছাড়	ব্যয়	বাজেট	অর্থ ছাড়	ব্যয়	বাজেট	অর্থ ছাড়	ব্যয়
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
৬১	ডালিয়া পওর বিভাগ	৫৫০.০০	৯৩.০০	৯৩.০০	১৬.০০	৯.০০	৩.২০			
৬২	নীলফামারী পওর বিভাগ	১৩৫.০০	২৫.০০	২৫.০০	৫.৫০	২.৭৫	১.১০			
৬৩	সৈয়দপুর পওর বিভাগ	১২০.০০	২৬.০০	২৬.০০	৭.০০	৩.৫০	১.৪০			
৬৪	তিস্তা যান্ত্রিক বিভাগ	২৬০.৫০	২০৬.০০	২০৬.০০	১.০০	০.৫০	০.১০	৩৯.৬৬	৩১.০০	২৩.০০
	রংপুর পওর সার্কেল-২ মোট :	১০৬৫.৫০	৩৫০.০০	৩৫০.০০	২৯.৫০	১৫.৭৫	৫.৮০	৩৯.৬৬	৩১.০০	২৩.০০
	ঠাকুরগাঁও পওর সার্কেল :									
৬৫	ঠাকুরগাঁও পওর বিভাগ	৪৫০.০০	৪৮.৯১	১৮.৯১	১২.০০	৬.০০	২.৪০	০.২৫	০.২৫	০.১০
৬৬	দিনাজপুর পওর বিভাগ	২৫০.০০	২৫.০০	০.০০	৬.০০	৩.০০	১.২০	০.৭৫	০.৭৫	০.৪৫
৬৭	পঞ্চগড় পওর বিভাগ	৫৫০.০০	৬৭.০০	৬৭.০০	৫.৫০	২.৭৫	১.০০			
৬৮	ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ	১৮.০০	১৩.৪৫	৫.৩০						
	ঠাকুরগাঁও পওর সার্কেল মোট :	১২৬৮.০০	১৫৪.৩৬	৯১.২১	২৩.৫০	১১.৭৫	৪.৬০	১.০০	১.০০	০.৫৫
	<b>উত্তরাঞ্চল, রংপুর মোট :</b>	<b>৪৫৪৩.৫০</b>	<b>১২০৪.৩৬</b>	<b>১১৪১.২১</b>	<b>৯০.৫০</b>	<b>৫২.২৫</b>	<b>১৭.৯০</b>	<b>৪১.১৪</b>	<b>৩২.৪৮</b>	<b>২৪.০৩</b>
	<b>দক্ষিণাঞ্চল, বরিশাল</b>									
	বরিশাল পওর সার্কেল :									
৬৯	বরিশাল পওর বিভাগ	৪১০.০০	২৪৯.৬৯	৮৯.৯৪	২১.০০	১৪.৫০	৪.২০			
৭০	পিরোজপুর পওর বিভাগ	৪১০.০০	২৫০.০০	১০০.০০	৫০.০০	২৬.৫০	১৪.০০			
৭১	ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ	৪০০.০০	৫৬.৫০	৫৬.৫০	৭.৫০	৫.৭৫	১.৫০			
৭২	বরিশাল যান্ত্রিক পওর বিভাগ	৪০.০০	১০.০০	১০.০০						
	বরিশাল পওর সার্কেল মোট :	১২৬০.০০	৫৬৬.১৯	২৫৬.৪৪	৭৮.৫০	৪৬.৭৫	১৯.৭০	০.০০	০.০০	০.০০
	পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল :									
৭৩	পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ	৩৬০.০০	১৮১.৫০	৭৫.০০	১২.৫০	৭.৭৫	৩.১০			
৭৪	পটুয়াখালী পওর বিভাগ	৩৬৫.০০	১৮৯.০০	৭৫.০০	১৯.০০	৯.৫০	৩.৮০			
৭৫	বরগুনা পওর বিভাগ	২৯৫.০০	১৩৭.০০	৬০.০০	৯.০০	৪.৫০	১.৮০			
	পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল মোট :	১০২০.০০	৫০৭.৫০	২১০.০০	৪০.৫০	২১.৭৫	৮.৭০	০.০০	০.০০	০.০০
	ভোলা পওর সার্কেল :									
৭৬	ভোলা পওর বিভাগ- ১	৭৬০.০০	৬০৭.০০	১৯৩.০০	৮.০০	৪.০০	১.৬০			
৭৭	ভোলা পওর বিভাগ- ২	১৬৭৫.০০	৯৩৭.০০	৩৩৭.০০	৮.০০	৪.০০	১.৬০			
	ভোলা পওর সার্কেল মোট :	২৪৩৫.০০	১৫৪৪.০০	৫৩০.০০	১৬.০০	৮.০০	৩.২০	০.০০	০.০০	০.০০
	<b>দক্ষিণাঞ্চল, বরিশাল মোট :</b>	<b>৪৭১৫.০০</b>	<b>২৬১৭.৬৯</b>	<b>৯৯৬.৪৪</b>	<b>১৩৫.০০</b>	<b>৭৬.৫০</b>	<b>৩১.৬০</b>	<b>০.০০</b>	<b>০.০০</b>	<b>০.০০</b>
	<b>অন্যান্য দপ্তর</b>									
	প্রধান প্রকৌশলী ডিজাইন				২১.০০	২.০০	০.৭০			
	পানি বিজ্ঞান মোট				৪৬.৫০	২৩.২৫	৮.৭০			
	পানি ব্যবস্থাপনা দপ্তর সমূহ মোট:	৩৭.২০	৩২.২০	২৮.২০						
	চীফ মনিটরিং এর দপ্তর	৬৬.০০	৩৫.০০	৩৫						
	প্রধান প্রকৌশলী পানি বিজ্ঞানঃ ক) নির্মাণ ও যন্ত্রায়ন বিভাগ	৬৫.০০	৩৫	০						
	পরিকল্পনা-১ পরিদপ্তর মোট	৪৫৬.৫৫	১৫৬.০৩	৪৭.১৫	৫.০০	২.৫০	১.০০			
	পরিকল্পনা-২ পরিদপ্তর মোট	৪২.৩	২১	২১						
	প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর (পিএমও- জেএমআরইএমপি) মোট	৪৩.৬	৪৩.৬	২২						
	নির্মাণ বিভাগ, জেএমআরইএমপি মোট	৩৮.৭৮	৩৮.৭৮	১৯						
	সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর	১০৫	৪৫	২০	৫০.০০	২৫.০০	১২.৫০			
	জরীপ ও সমীক্ষা বিভাগ	৯৫.৫৭	৫৫	৪৫						
৭৮	আপদকালীন জরুরী কাজের জন্য থোক	৩৭০০								
	বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সিগঞ্জ							১১.৫০	৬.০০	৬.০০
	উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা মোট							১.৪০	১.৪০	০.৭০
	নির্মাণ ও যন্ত্রায়ন বিভাগ							৭.৫০	৭.৫০	৪.০০
	সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর							৭২.২৮	১২.২৮	১০.০০
	<b>অন্যান্য দপ্তর মোট</b>				<b>৭২.০০</b>	<b>৪০.৩০</b>	<b>১৬.৬৫</b>			
	<b>সর্বমোট</b>	<b>৩৭১০০.০০</b>	<b>১২৯১৯.৭২</b>	<b>৯৯৮০.৯৬</b>	<b>১৬০০.০০</b>	<b>৮৮৮.৫০</b>	<b>৩৭৩.৭৫</b>	<b>২৮০০.০০</b>	<b>২০৫০.০০</b>	<b>১৩৭০.০০</b>

বিঃদ্রঃ আপদকালীন জরুরী কাজের জন্য বরাদ্দকৃত ৩৭০০.০০ লক্ষ টাকার বিস্তারিত বরাদ্দ বিভাজন অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের পর অবমুক্ত/ ছাড় হবে।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি এবং নির্দেশনা মোতাবেক গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন (সমাপ্ত প্রকল্প)

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
১।	তিস্তা ব্যারেজ হতে তিস্তা সড়ক সেতু পর্যন্ত নদী খননের অবশিষ্টাংশ সম্পন্নকরণ। তারিখঃ ২০-০৯-২০১২	৩০/০৬/২০১৩			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> শুল্ক মৌসুমে তিস্তার পানি প্রবাহ ঠিক রাখার জন্য “তিস্তা ব্যারেজ হতে চন্ডিয়ারী পর্যন্ত তিস্তা নদীর বাম তীর সংরক্ষণ প্রকল্প (১ম পর্যায়)” এর আওতায় তিস্তা ব্যারেজ এর উজানে ৫০০ মিটার চর অপসারণ এবং তিস্তাব্যারেজ এর ভাটিতে ৩.০০০ কিঃমিঃ ডানতীর চ্যানেল ড্রেজিং এর কাজ ২০১২-১৩ অর্থ-বছরে সমাপ্ত হয়েছে।
২।	তিস্তা নদীর বাম তীরের অসমাপ্ত নদী শাসনের কাজ সমাপ্তকরণ। তারিখঃ ২০-০৯-২০১২	৩০/০৬/২০১৩			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> “তিস্তা নদীর বামতীর সংরক্ষণ (তিস্তা রেলওয়ে ব্রিজ হইতে চন্ডিয়ারী পর্যন্ত) প্রকল্প” এর আওতায় ২.৮৬৩ কিঃমিঃ তীর সংরক্ষণ, ৫টি স্পার, ১৬কিঃমিঃ বন্যা বাঁধ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া “তিস্তা ব্যারেজ হতে চন্ডিয়ারী পর্যন্ত তিস্তা নদীর বাম তীর সংরক্ষণ প্রকল্প (১ম পর্যায়, প্রকল্প ব্যয়ঃ ১৫০.৬২ কোটি টাকা, বাস্তবায়নকালঃ জুলাই/২০১০ হতে জুন/২০১৩)” এর আওতায় ৯.২৫০ কিঃমিঃ তীর সংরক্ষণ কাজ জুন/২০১৩ তে সমাপ্ত হয়েছে।
৩।	“জামালপুর জেলাকে যমুনা নদীর ভাঙ্গন হতে রক্ষা করা” (সরিষাবাড়ী উপজেলার গনউদ্যানে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ৩০/০৬/২০১২)	৩০/০৬/২০১৩			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> জামালপুর জেলা শহরকে পুরাতন ব্রহ্মপুত্র নদীর ভাঙ্গন হতে রক্ষার্থে স্টীফ-২ প্রকল্পের আওতায় ৫০.৫০ কোটি টাকা ব্যয়ে বাঁধ নির্মাণসহ ৫.৬৫ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ১৬টি রেগুলেটর/স্লুইচ নির্মাণ কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।
		৩০/০৬/২০১৬	প্রয়োজনীয় বাজেট বরাদ্দের অভাবে বাস্তবায়ন অগ্রগতি ব্যহত হচ্ছে।	আর্থিক বরাদ্দ বৃদ্ধি প্রয়োজন	<b>বাস্তবায়ন অগ্রগতি ৬০%</b> জামালপুর জেলার দেওয়ানগঞ্জ, ইসলামপুর ও সরিষাবাড়ী উপজেলাকে যমুনা নদীর ভাঙ্গন হতে রক্ষাকল্পে ৪৮৯.৪৯ কোটি টাকা ব্যয়ে “যমুনা নদীর ভাঙ্গন হতে জামালপুর জেলার বাহাদুরবাদ ঘাট হতে ফুটানী বাজার পর্যন্ত ও সরিষাবাড়ী উপজেলাধীন পিংনা বাজার এলাকা এবং ইসলামপুর উপজেলায় হরিণধরা হতে হাড়গিলা পর্যন্ত তীর সংরক্ষণ প্রকল্প” শীর্ষক অনুমোদিত প্রকল্পের আওতায় নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নাধীন রয়েছে।
৪।	ঢাকা নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার জলাবদ্ধতা নিরসন। (সিদ্ধিরগঞ্জ ১২০ মেগাওয়াট পিকিং বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধনকালে প্রদত্ত প্রতিশ্রুতি; তারিখঃ ১৪/০২/২০১০)	৩০/০৬/২০১২			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী গত ২০১০-১১ হতে ২০১২-১৩ অর্থ-বছরে জরুরী কার্যক্রমের আওতায় অনুন্নয়ন রাজস্ব খাত হতে ৩.৫৯ কোটি টাকা ব্যয়ে জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে ১১৩.০০ কিঃমিঃ খালের বর্জ্য অপসারণ ও নিষ্কাশনের কাজ সম্পন্ন করা হয়েছে। ডিএনডি প্রকল্পটির অভ্যন্তরে রাস্তাঘাট, ঘরবাড়ী, শিল্প কলকারখানা ইত্যাদি নির্মিত হওয়ায় বাপাউবো কর্তৃক সেচ প্রকল্প হিসাবে আর পরিচালনার সুযোগ না থাকায় ডিএনডি সেচ প্রকল্পটি পরিত্যক্ত ঘোষণা করে ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ) /নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন / ঢাকা ওয়াসার নিকট হস্তান্তরের লক্ষ্যে গত ১৮/০৯/২০১৩ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত প্রতিপালনকালে ঢাকা ওয়াসার পত্র মারফত মত পেশ করেন যে, “DND এলাকার জলাবদ্ধতা দূরীকরণ কার্যক্রম আগামী জানুয়ারী ২০১৫ হতে ঢাকা ওয়াসার নিকট হস্তান্তর করা যেতে পারে”। এরই ধারাবাহিকতায় বাপাউবো প্রকল্প হস্তান্তরের প্রস্তুতি গ্রহণ করে। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ডিএনডি প্রকল্পে বাপাউবোর জায়গা জমি, সেচখাল, সিভিল স্থাপনা, পাম্প হাউজসহ যাবতীয় স্থাপনা ও যন্ত্রপাতির তালিকা প্রণয়ন করা হয় এবং একখানা সমঝোতা স্মারক (খসড়া) পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। কিন্তু, পরবর্তীতে ঢাকা ওয়াসার কর্তৃক প্রেরিত পত্রে (স্মারক নং-৪৬.১১৩. ৫১০.০০.০০.২১৪.২০১৪/ডেঃ (আর এন্ড ডি) সাঃ, তারিখঃ ২৪/১২/২০১৪ ইং) ডিএনডি এলাকার ডেনেজ ব্যবস্থার দায়িত্ব গ্রহণ করা ঢাকা ওয়াসার পক্ষে সম্ভব নহে মর্মে অভিমত ব্যক্ত করা হয়।  ডিএনডি প্রকল্পটি হস্তান্তরের লক্ষ্যে গত ২১/০১/২০১৫ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয়, “ডিএনডি সেচ প্রকল্পের ঢাকা জেলাধীন অংশের দায়িত্ব ঢাকা (দক্ষিণ) সিটি কর্পোরেশন এবং নারায়নগঞ্জ জেলাধীন অংশের দায়িত্ব নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন গ্রহণ করবে”। সভায় গৃহীত সিদ্ধান্ত প্রতিপালনে বাপাউবো কাজ করে যাচ্ছে। ঢাকা ও নারায়নগঞ্জ জেলার প্রশাসনিক অধিক্ষেত্র অনুযায়ী প্রকল্পের বিভিন্ন অঙ্কে বিভক্ত করার কাজ চলমান রয়েছে। ২৩/০৩/২০১৫ তারিখে প্রকল্প হস্তান্তরের জন্য সমঝোতা স্মারক (খসড়া) পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
৫।	সন্দ্বীপের দক্ষিণ-পশ্চিমের ভেঞ্জে যাওয়া বেড়ীবাঁধ পুনঃনির্মাণ। (চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় সরকারী হাজী আব্দুল বাতেন কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ১৮/০২/২০১২)	৩০/০৬/২০১৩			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> সন্দ্বীপের দক্ষিণ-পশ্চিম অংশের ২টি স্থানে পাউবোর বাঁধ ২০১০ ও ২০১১ সালের জেলাছাসে ভেঞ্জে যাওয়ার পরিপ্রেক্ষিতে প্রাথমিক পর্যায়ে জরুরি কার্যক্রমের আওতায় ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ-বছরে উক্ত স্থান দুটিতে ভাঙ্গা বাঁধ মেরামত/বন্ধ করার কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া, দীর্ঘ মেয়াদী টেকসই সমাধানের লক্ষ্যে, বেড়ীবাঁধ সংস্কারের জন্য (প্রাক্কলিত ব্যয় ২৪.৯৫ কোটি টাকা) Climate Change Trust Fund এর আওতায় প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হলে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড কর্তৃক ২২/০১/২০১৩ তারিখে ১৫.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত প্রকল্পটি অনুমোদন দেয়া হয়। উক্ত কাজের অগ্রগতি ৭১%।



ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
৬।	দহগ্রাম ইউনিয়নকে তিস্তা নদীর ভাঞ্জন হতে রক্ষাকল্পে বাঁধ নির্মাণ; (১৯/১০/২০১১ তারিখে লালমনিরহাট জেলার পাটগ্রাম সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভায়)	৩০/০৬/২০১২			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> তিস্তা নদীর ভাঞ্জন হতে দহগ্রাম ইউনিয়নকে রক্ষার্থে ১.২৬৬ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ ২০১১-১২ অর্থ-বছরে অনুন্নয়ন রাজস্ব খাতে সমাপ্ত হয়েছে। বর্ণিত প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আরোও ৪.৭৫ কিঃমিঃ তীর সংরক্ষণ কাজ করা প্রয়োজন মর্মে মাঠ পর্যায় হতে জানা গেছে। যার জন্য অতিরিক্ত ৭১.২৪ কোটি প্রয়োজন হবে। চলতি (২০১৪-১৫) অর্থ-বছরে এই কাজের জন্য অনুন্নয়ন রাজস্ব খাতে ২.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। ৫৮০ মিটার তীর প্রতিরক্ষা কাজের জন্য দরপত্র আহবান প্রক্রিয়াধীন। অবশিষ্ট কাজ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে।
৭।	লালমনিরহাট জেলাকে তিস্তা নদীর আকস্মিক বন্যা ও ভাঞ্জন হতে রক্ষা করার জন্য তীর সংরক্ষণ ও বাঁধ নির্মাণ করা; (১৯/১০/২০১১ তারিখে লালমনিরহাট জেলার পাটগ্রাম সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভায়)	৩০/০৬/২০১৩			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> “তিস্তা নদীর বামতীর সংরক্ষণ (তিস্তা রেলওয়ে ব্রীজ হইতে চন্ডিয়ারী পর্যন্ত) প্রকল্প” এর আওতায় ২.৮৬৩ কিঃমিঃ তীর সংরক্ষণ, ৫টি স্পার, ১৬কিঃমিঃ বন্যা বাঁধ নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে (অর্থ বছর ১৯৯৮-৯৯ হতে ২০০৫-০৬)। এছাড়া “তিস্তা ব্যারেজ হতে চন্ডিয়ারী পর্যন্ত তিস্তা নদীর বাম তীর সংরক্ষণ প্রকল্প (১ম পর্যায়, প্রকল্প ব্যয়ঃ ১৫০.৬২ কোটি টাকা, বাস্তবায়নকালঃ জুলাই/২০১০ হতে জুন/২০১৩)” এর আওতায় ৯.২৫০ কিঃমিঃ তীর সংরক্ষণ কাজ জুন/২০১৩ তে সমাপ্ত হয়েছে।
৮।	শুরু মৌসুমে তিস্তার পানি প্রবাহ ঠিক রাখার জন্য ডেজিং এর মাধ্যমে তিস্তা নদীর নাব্যতা বজায় রাখার ব্যবস্থা করা। (১৯/১০/২০১১ তারিখে লালমনিরহাট জেলার পাটগ্রাম সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভায়)	৩০/০৬/২০১২			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> শুরু মৌসুমে তিস্তার পানি প্রবাহ ঠিক রাখার জন্য “তিস্তা ব্যারেজ হতে চন্ডিয়ারী পর্যন্ত তিস্তা নদীর বাম তীর সংরক্ষণ প্রকল্প (১ম পর্যায়)” এর আওতায় তিস্তা ব্যারেজ এর উজানে ৫০০ মিটার চর অপসারণ এবং তিস্তাব্যারেজ এর ভাটিতে ৩.০০০ কিঃমিঃ ডানতীর চ্যানেল ডেজিং এর কাজ ২০১২-১৩ অর্থ-বছরে সমাপ্ত হয়েছে।
৯।	সিরাজগঞ্জ শহরকে যমুনা নদীর ভাংগন ও বন্যার হাত হতে রক্ষার জন্য ক্যাপিটাল ডেজিং এর ব্যবস্থা করা। (সিরাজগঞ্জ জেলায় সফরকালে; তারিখঃ ০৯/০৪/২০১১)	৩০/০৬/২০১৪			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য “ক্যাপিটাল (পাইলট) ডেজিং অব রিভার সিস্টেম ইন বাংলাদেশ” শিরোনামে ১০২৮.১২ কোটি টাকা ব্যয় সম্বলিত (বাস্তবায়নকাল ২০০৯-২০১০ হতে ২০১৩-২০১৪) একটি প্রকল্প একনেক কর্তৃক ২৭/০৪/২০১০ তারিখে অনুমোদিত হয়েছে। বর্ণিত প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ হার্ড পয়েন্ট হতে খলেশ্বরী নদীর উৎস মুখ পর্যন্ত ২০ কিলোমিটার ও নলীণবাজার এলাকায় ২ কিলোমিটারসহ মোট ২২ কিলোমিটার যমুনা নদী ডেজিং কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া ২০১২-১৩ অর্থ-বছরে ১৪ কিঃমিঃ দৈর্ঘ্যে রক্ষণাবেক্ষণ ডেজিং কাজও সম্পন্ন হয়েছে। ফলে সিরাজগঞ্জ শহর রক্ষা বাঁধের হার্ড পয়েন্ট ঝুঁকিমুক্ত হয়েছে এবং ডেজড স্পয়েল দ্বারা সিরাজগঞ্জে প্রস্তাবিত শিল্প পার্ক সংলগ্ন প্রায় ৮ বর্গ কিলোমিটার এলাকায় ভূমি পুনরুদ্ধার হয়েছে।
১০।	আইলায় ক্ষতিগ্রস্ত বাঁধ দুত মেরামতের ব্যবস্থা গ্রহণ। (বাগেরহাট জেলায় সফরকালে; তারিখঃ ১২/০৩/২০১১)	৩০/০৬/২০১৫			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক বাগেরহাট জেলার আইলায় প্রাথমিক পর্যায়ে মারাত্মক ঝুঁকিপূর্ণ বাঁধ ও ক্রোজার সমূহের নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে সর্বাঙ্গীণভাবে ২০১০-১১ অর্থ-বছরে সমাপ্ত হয়েছে। এছাড়া স্থায়ী ও দীর্ঘমেয়াদী টেকসই সমাধানের লক্ষ্যে, “উপকূলীয় অঞ্চলে ঘূর্ণিঝড় আইলায় ক্ষতিগ্রস্ত বাপাউবোর্ডের অবকাঠামোসমূহের পুনর্বাসন” প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি আওতায় বাঁধ নির্মাণ, মেরামত, ক্রোজার নির্মাণ, স্লুইস নির্মাণ/মেরামত এবং নদীতীর সংরক্ষণ কাজ চলমান রয়েছে। বর্তমান কাজের অগ্রগতি ৯৩.২৫%। সংশোধিত ডিপিপি অনুযায়ী জুন/২০১৫ তে প্রকল্পের কাজ সমাপ্ত হবে।
১১।	প্রাকৃতিক দুর্যোগকালে জনগণের জনমাল ও ফসলাদি রক্ষার্থে উপকূলবর্তী এলাকায় স্থায়ী বেড়ী বাঁধ নির্মাণ। (খুলনা জেলা সফরকালে প্রতিশ্রুতি দেন; তারিখঃ ০৫/০৩/২০১১)	৩০/০৬/২০১৫			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক আইলায় ক্ষতিগ্রস্ত খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা ও যশোর জেলার অংশ বিশেষে ৪৭টি পোল্ডারের মারাত্মক ক্ষতিগ্রস্ত বাঁধ ও ক্রোজার সমূহের নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে সর্বাঙ্গীণভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া South West Area Integrated Water Resource Management Project এর আওতায় (প্রাক্কলিত ব্যয়ঃ ২৩.৯২ কোটি টাকা এবং বাস্তবায়নকালঃ জুলাই/২০০৬ হতে জুন/২০১৪) পোল্ডার নং- ৩১ ও ৩২ এর ৩৬.০০ কিঃমিঃ বাঁধ মেরামত সহ অন্যান্য কাজ সমাপ্ত হয়েছে। উল্লেখ্য যে, দীর্ঘমেয়াদী টেকসই সমাধানের লক্ষ্যে বর্ণিত এলাকায় ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামত/সংস্কারের নিমিত্তে “উপকূলীয় অঞ্চলে ঘূর্ণিঝড় আইলায় ক্ষতিগ্রস্ত বাপাউবোর্ডের অবকাঠামোসমূহের পুনর্বাসন” শীর্ষক প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি মোতাবেক কাজসমূহ চলমান রয়েছে। বর্তমান অগ্রগতি ৯০.৭৪%। সংশোধিত ডিপিপি অনুযায়ী জুন/২০১৫ তে প্রকল্পের কাজ সর্বাঙ্গীণভাবে সমাপ্ত হবে।
১২।	খুলনা জেলার তেরখাদা উপজেলার ভুতিয়ার ও বাসুয়াখালী বিলের জলাবদ্ধতা নিরাসনের ব্যবস্থা গ্রহণ করা। (খুলনা জেলা সফরকালে প্রতিশ্রুতি দেন;	৩০/০৬/২০১৩			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বর্ণিত কাজের জন্য “খুলনা জেলার ভুতিয়ার বিল এবং বর্গাল সলিমপুর কলাবাসুখালী বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্প” শিরোনামে একটি প্রকল্প (প্রাক্কলিত ব্যয় ২১.৩৪ কোটি টাকা, বাস্তবায়নকাল ২০০৯-১০ হতে ২০১২-১৩) ২২/০৪/২০১১ তারিখে অনুমোদিত হয়েছে। বর্ণিত প্রকল্পের আওতায় ২০.৯০ কিঃমিঃ খাল খনন, ২.০০ কিঃমিঃ নদী খনন, বাঁধ মেরামত, ৩টি স্লুইস নির্মাণ, ১টি লং বুম ক্রয় ইত্যাদি কাজ জুন/২০১৩ মাসে সমাপ্ত হয়েছে।

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
	তারিখঃ ০৫/০৩/২০১১)				
১৩।	উপকূলীয় জেলাগুলোতে বেড়ীবাঁধ নির্মাণ; (বরিশাল জেলা সফরকালে প্রতিশ্রুতি দেন; তারিখঃ ২২/০২/২০১১)	৩০/০৬/২০১২			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে পটুয়াখালীতে “চর আন্ডার চারিদিকে বেড়ীবাঁধ নির্মাণ” প্রকল্পটি প্রাক্কলিত ব্যয়ঃ ১০ কোটি টাকা, বাস্তবায়নকালঃ জুলাই/২০১১ হতে জুন/২০১২) গত ২৮/১১/২০১০ তারিখে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ১২ কিঃমিঃ বাঁধ নির্মাণ ও ৬টি ইনলেট নির্মাণ কাজ ২০১১-১২ অর্থ-বছরে সমাপ্ত হয়েছে। এছাড়া, স্থায়ী ও দীর্ঘ মেয়াদী টেকসই সমাধানের লক্ষ্যে “Emergency 2007 Cyclone Recovery and Restoration Project (ECRRP)” প্রকল্পের আওতায় বাঁধ নির্মাণ, মেরামত, পানি নিষ্কাশন অবকাঠামো নির্মাণ এবং নদী তীর সংরক্ষণ কাজ জুন, ২০১৪ এ সমাপ্ত হয়েছে।
১৪।	সোনাইছড়া, কোণাল্লাছড়া, করেরহাট সোনাইছড়ি, পশ্চিম জোয়ার, লক্ষীছড়ি, গুজাছড়ি, বারো মাঝিখালে (পাহাড়িছড়া) শনালুচালে সেচ উপ-প্রকল্পগুলোর সমন্বয়ে গুচ্ছ প্রকল্প গ্রহণ করা। (চট্টগ্রাম জেলাধীন মিরেশ্বরাই উপজেলার মহামায়াছড়া সেচ প্রকল্প পরিদর্শন কালে জনসভায় প্রতিশ্রুতি দেন; তারিখঃ ২৯/১২/২০১০)	২৮/০২/২০১৩			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধান মন্ত্রীর প্রতিশ্রুত বর্ণিত ছড়াগুলোর সমন্বয়ে গুচ্ছ প্রকল্প প্রস্তাব জলবায়ু ট্রাস্ট ফান্ডের আওতায় ১৭.৫৬ কোটি টাকা ব্যয় সম্বলিত “চট্টগ্রাম জেলার মিরেশ্বরাই উপজেলার উপকূলবর্তী এলাকার সেচ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং মুহুরী একরিটেড এলাকায় (Muhuri Accreted Area) সিডিএসপিপি বেড়ী বাঁধ উন্নীত করণ” প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন গত ২৬/০৭/২০১১ তারিখে পাওয়া যায়। ফলশ্রুতিতে ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ-বৎসরে ১১.৫০ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিরকণ, ২৩.০০ কিঃমিঃ খাল পুনঃখনন, ০.৫০ কিঃমিঃ তীর প্রতিরক্ষা কাজ ও ৩টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।
১৫।	ভোলা জেলার চর কুকরী মুকরী বেড়ীবাঁধ ভাঙ্গনরোধকরণের ব্যবস্থা গ্রহণ। (ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে একযোগে দেশব্যাপী ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র উদ্বোধনকালে; তারিখঃ ১১/১১/২০১০)	৩০/০৬/২০১৪			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুত ভোলা জেলার চর ফ্যাশন উপজেলার “চর কুকরি-মুকরি বেড়ীবাঁধ নির্মাণ (বাস্তবায়নকাল জুন/২০১২ হতে জুন/২০১৪; প্রাক্কলিত ব্যয় ২৪.৯৯ কোটি টাকা)” শীর্ষক প্রকল্পটি জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় বাস্তবায়নের জন্য ১৮/০৯/২০১২ তারিখে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ০৮/১০/২০১২ তারিখে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের জলবায়ু বিষয়ক কারিগরি কমিটির সভায় প্রকল্পটি উপস্থাপিত হলে Feasibility Study ও EIA প্রতিবেদনসহ পুনরায় দাখিলের সিদ্ধান্ত হয়। তদানুযায়ী প্রকল্পটি পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটি ১৮/১১/২০১২ তারিখে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড কর্তৃক শুধুমাত্র বেড়ীবাঁধ নির্মাণের জন্য ১৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদন দেয়া হয়। প্রকল্পের ভৌত কাজ সমাপ্ত হয়েছে।
১৬।	সুনামগঞ্জের হাওরসমূহে স্লুইসগেটসহ বেড়ীবাঁধ নির্মাণ। (সুনামগঞ্জের তাহিরপুরে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ১০/১১/২০১০)	৩০/০৪/২০১২			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুসারে জরুরী কার্যক্রমের মাধ্যমে ২০১০-১১ ও ২০১১-১২ অর্থ-বছরে অনুন্নয়ন রাজস্ব বাজেটের মেরামত উপধাতে বর্ণিত হাওড় এলাকায় ৪৭.৬২ কোটি টাকা ব্যয়ে অতি ঝুঁকিপূর্ণ বাঁধ ও স্লুইসগেটসমূহের নির্মাণ/ পুনর্নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।
১৭।	ঘুর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত খুলনা জেলার কয়রা উপজেলার বেড়ীবাঁধসমূহ সংস্কার করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে নির্মাণ প্রসঙ্গে। (মাননীয় প্রধানমন্ত্রীর গত ২৩/০৭/১০ তারিখ খুলনা জেলার কয়রা উপজেলা সফরকালে; তারিখঃ ২৩/০৭/২০১০)	৩০/০৬/২০১২			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক প্রাথমিক পর্যায়ে কয়রা উপজেলায় আইলায় ক্ষতিগ্রস্ত পোল্ডারের মারাত্মক ক্ষতিগ্রস্ত বাঁধ ও ক্রোজারসমূহের নির্মাণ কাজ জরুরীভিত্তিতে সর্বাঙ্গীনভাবে সমাপ্ত হয়েছে। এছাড়া দীর্ঘমেয়াদী টেকসই সমাধানের লক্ষ্যে, ওয়ামিপ প্রকল্পের আওতায় কয়রা উপজেলায় (পোল্ডার নং ১৩-১৪/২ ও ১৪/১) ১৯.৭৭ কোটি টাকা ব্যয়ে ৬১.৪৮ কিঃমিঃ বাঁধ মেরামত/নির্মাণ, স্লুইস নির্মাণ ও নদীতীর সংরক্ষণ কাজ সমাপ্ত হয়েছে।
১৮।	পটুয়াখালী জেলাস্থ কলাপাড়া উপজেলার ফসলী জমি লবণাক্ততার হাত থেকে রক্ষার্থে বেড়ীবাঁধ নির্মাণ করার জন্য খাল খনন করে প্রাপ্ত মাটি দ্বারা বেড়ীবাঁধ নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ। (মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর বরিশাল বিভাগের বিভাগীয় এবং বরগুনা জেলার জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভার সিদ্ধান্ত; তারিখঃ ০৬/০৫/২০১০)	৩০/০৬/২০১১			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> নির্দেশিত এলাকাটি আন্ধারমানিক নদীতীরস্থ পোল্ডার নং-৪৬ এর অন্তর্ভুক্ত বিধায় খাল খনন করে নতুন বেড়ীবাঁধ নির্মাণের প্রয়োজনীয়তা নেই। তবে পোল্ডারের মধ্যকার অনেক দিনের পুরানো স্লুইস গেটসমূহের কতিপয় গেইট নষ্ট হওয়ায় কয়েকটি খালে লবণ পানি প্রবেশরোধকল্পে গেইটগুলি ইতোমধ্যে মেরামতের কাজ যথাযথভাবে সমাপ্ত হয়েছে।
১৯।	বরগুনা জেলার সিডর, আইলা ও নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত বেড়ীবাঁধগুলো পুনঃনির্মাণ ও মেরামত	৩০/০৬/২০১৩			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী প্রাথমিক পর্যায়ে ২০০৯-১০ অর্থ-বছরে জরুরী কার্যক্রমের আওতায় অনুন্নয়ন রাজস্ব খাতে বরগুনা জেলায় সিডর ও আইলায় পাউবোর ৫৫৪.৪৩

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
	করা। (বরগুনা জেলায় অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ০৬/৫/২০১০)				কিঃমিঃ আংশিক ক্ষতিগ্রস্ত ও ৬৬.৪৬ কিঃমিঃ পূর্ণ ক্ষতিগ্রস্ত বাঁধ সর্বাঙ্গীনভাবে মেরামত/পুনঃনির্মাণের কাজ সমাপ্ত হয়েছে।
২০।	বরগুনা জেলার আমতলী উপজেলার মহিষকাটা খালের উপর স্লুইসগেট নির্মাণ। (বরগুনা জেলায় অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ০৬/০৫/২০১০)	৩০/০৬/২০১৩			<b>বাস্তবায়ন অগ্রগতি ১০০%</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্তে আমতলী উপজেলায় মহিষকাটা খালের উপর অনুন্নয়ন রাজস্ব বাজেটের মেরামত উপখাতের আওতায় স্লুইসগেট নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।
২১।	তিতাস উপজেলার দাসকান্দি হতে লালপুর পর্যন্ত বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ করা। (০৭/১১/২০১০ তারিখ কুমিল্লা জেলার তিতাস উপজেলায় অনুষ্ঠিত জনসভায়)।	-	কাজের জন্য জমি প্রাপ্তি	সমাপ্ত হিসাবে ধার্য করা	<b>বাস্তবায়ন অগ্রগতি - সমাপ্ত হিসাবে ধার্য</b> তিতাস উপজেলার দাসকান্দি হতে লালপুর পর্যন্ত বন্যানিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ প্রকল্পটিতে ২০১১-১২ ইং অর্থবছরে অনুন্নয়ন রাজস্ব খাতে ২টি প্যাকেজে সর্বমোট (২৪.৩২ + ১৩.৬৩) = ৩৭.৯৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। মামলার বর্তমান অবস্থাঃ-রিট পিটিশন মামলায় ২য় বার মহামান্য হাইকোর্ট স্থগিতাদেশ প্রদান করে পরবর্তীতে মামলাটি শুনানীর জন্য কোন বেঞ্চ নির্ধারিত হয় নি। উত্তরনের উপায়ঃ- মামলা পরিচালনার বিষয়টি সময় সাপেক্ষ বিধায় বাস্তব অবস্থার আলোকে বর্নিত প্রকল্পটি বাস্তবায়ন করার জন্য প্রকল্প প্রনয়নে জমি অধিগ্রহণের ব্যবস্থা অন্তর্ভুক্ত করে ডিপিপি প্রনয়ন এবং অনুমোদনের পর কাজ বাস্তবায়নের ব্যবস্থা নেওয়া যেতে পারে। বর্তমানে কুমিল্লা তিতাস প্রকল্প নামে কোন প্রকল্পের কাজ চলমান নাই বিধায় এই কাজটি যুক্ত করা সম্ভব নয়।

**মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি এবং নির্দেশনা মোতাবেক গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন (চলমান প্রকল্প)**

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
২২।	নাটোর জেলার কালিগঞ্জ বাজার থেকে নলডাঙ্গা হাট, পীরগাছা বাজার হয়ে সরকুতিয়া বাজার পর্যন্ত বারনাই নদীর উভয় তীর ৪.২২ কিঃমিঃ সিসি ব্লক দিয়ে স্লোপ প্রতিরক্ষা কাজ। (নাটোরের কানাইখালী মাঠে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ১১/১২/২০১১)	৩০/০৬/২০১৬			<b>বাস্তবায়ন অগ্রগতি ৩৭%</b> বর্ণিত প্রতিশ্রুতির অনুকূলে “নাটোর জেলার কালিগঞ্জ সরকুতিয়া ও কালিগঞ্জ সাধনপুরে বারনাই নদীর উভয় তীর সংরক্ষণ শিরোনামে ডিপিপি (প্রাক্কলিত ব্যয়-১৯.৬০ কোটি টাকা, বাস্তবায়নকাল- ডিসেম্বর/২০১২ হতে জুন/২০১৬) ২৪/১০/২০১৩ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। ৮টি প্যাকেজে ২.৫৭৫ কিঃমিঃ (চুক্তিমূল্য- ১৬.৩১ কোটি টাকা) নদীতীর সংরক্ষণ কাজ চলমান আছে।
২৩।	নাটোর জেলার লালপুর উপজেলার পদ্মা নদীর ভাঙ্গন প্রতিরোধে একটি টি-বীধ নির্মাণ। (নাটোরের কানাইখালী মাঠে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ১১/১২/২০১১)	৩০/০৬/২০১৭			<b>বাস্তবায়ন অগ্রগতি ৮.২৬%</b> আলোচ্য প্রতিশ্রুতির অনুকূলে “পাবনা জেলার ইশ্বরদী উপজেলার পদ্মা নদীর ভাঙ্গন হতে কমরপুর হতে সাড়া-ঝাউদিয়া পর্যন্ত এবং নাটোর জেলার লালপুর উপজেলাধীন তীলকপুর হতে গৌরীপুর পর্যন্ত তীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্পের ডিপিপি (প্রাক্কলিত ব্যয় ২২৬.০৪ কোটি টাকা এবং বাস্তবায়নকাল জুলাই/২০১২ হতে জুন/২০১৫) ০৫/০২/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। বর্ণিত প্রকল্পের আওতায় ৭টি প্যাকেজে ১.৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে (চুক্তিমূল্য ৪০.৬৮ কোটি টাকা) তীর সংরক্ষণমূলক কাজ চলমান রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের সময়সীমা ২০১৭ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।
২৪।	চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার আলাতুলি ইউনিয়নের পদ্মা নদীর ভাঙ্গনরোধকল্পে নদী শাসন এবং একইসাথে জিকে সেচ প্রকল্পের আদলে সেচ সুবিধা সৃষ্টির লক্ষ্যে মহানন্দা নদী ডেজিং করা এবং প্রয়োজনবোধে রাবার ড্যাম নির্মাণ। (চাঁপাইনবাবগঞ্জ জেলা সফরকালে; তারিখঃ ২৩/০৪/২০১১)	৩০/০৬/২০১৫			<b>বাস্তবায়ন অগ্রগতি ৮.৬৫%</b> ক) গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী মহোদয় গত ২৩-০৪-২০১১ ইং তারিখে চাঁপাইনবাবগঞ্জ সফর কালে প্রকল্পটি বাস্তবায়নের প্রতিশ্রুতি দিলে প্রকল্পটির ডিপিপি প্রণয়ন করা হয়। প্রকল্পটি বিভিন্ন পর্যায়ে যাচাই বাছাই এর পর গত ১৬/১০/২০১২ ইং তারিখে অনুষ্ঠিত একনেক সভায় “পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার আলাতুলি এলাকা রক্ষা” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ১৬৫৫১.১৪ লক্ষ (একশত পঁয়ষট্টি কোটি একাত্তর লক্ষ চৌদ্দ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর, ২০১২ ইং হতে জুন, ২০১৫ইং মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয়। একনেক সভার সিদ্ধান্তের আলোকে মোট প্রাক্কলিত ব্যয় ১৬৫৫১.১৪ লক্ষ অপরিবর্তিত রেখে প্রকল্পের আওতায় প্রস্তাবিত ব্লক ডাম্পিং বাবদ প্রাক্কলিত ব্যয় হ্রাস করে ডেজিং খাতে ৭.৫০ কোটি টাকা বরাদ্দ রেখে প্রকল্প পুনর্বিন্যাস করা হয় এবং ১৯/১২/২০১২ইং তারিখে একনেকের সিদ্ধান্ত অনুসারে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পাসম হতে ৪২.০৪১.০১৪.০০.০২৬.২০১০-০৩ তারিখঃ ১০-০১-২০১৩ ইং স্মারক এর মাধ্যমে প্রসাশনিক আদেশ জারী হয়। মরফোলজিক্যাল পরিবর্তন এবং Oblique Flow এর কারণে বাংলাদেশ অংশে নদীর ভাঙ্গন আরও তীব্র হওয়ায় প্রকল্প বাস্তবায়ন কালে সংশোধিত ডিজাইন প্রনয়নের প্রয়োজনীয়তা দেখা দেয়। ফলে ডিজাইন দপ্তর হতে সংশোধিত ডিজাইন প্রণয়ন করেন। সংশোধিত ডিজাইন ও অনুমোদিত Schedule of Rates অনুযায়ী প্রকল্পের ব্যয় বৃদ্ধি পাওয়ায় পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০৩৬.০১৪.০০.১৯. ০১৯.২০১৩/৪৫৩ তারিখঃ ২১/১০/২০১৩ ইং এ ডিপিপি সংশোধনের নির্দেশ প্রদান করলে ২৭৪১৮.৩৯ লক্ষ টাকা ব্যয় সম্বলিত ও সেপ্টেম্বর/২০১২ হতে জুন/২০১৭ মেয়াদ কালে সংশোধিত ডিপিপি দাখিল করা হয়। ১ম সংশোধিত ডিপিপি গত ২১-১০-২০১৪ ইং তারিখের একনেক সভায় অনুমোদিত হয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০৪১.০১৪. ০১.০০.০২৬.২০১০ (অংশ-১)-২১৪ তারিখঃ ২৪-১২-২০১৪ এ প্রসাশনিক অনুমোদনের আদেশ জারী হয়। ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় ৬.২২০ কিঃ মিঃ পদ্মা নদীর তীর সংরক্ষণ কাজ এবং ২.৭০০ কিঃ মিঃ ডেজিং কাজ অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৪-২০১৫ অর্থ বছরে ৪ টি প্যাকেজে প্রায় ৩৮.০০ কোটি টাকা ব্যয়ে ৯০০ মিটার নদী তীর সংরক্ষণ কাজ চলমান রয়েছে এবং ১২ টি প্যাকেজে ৩৫৭০ মিটার দৈর্ঘ্যে নদী তীর সংরক্ষণ কাজের দরপত্র গ্রহন পূর্বক দরপত্র মূল্যায়ন চলমান রয়েছে। ২০১৪-২০১৫ সনে প্রকল্পের অনুকূলে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ১৯/০৩/২০১৫ ইং তারিখ পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি ৮.৬৫% এবং আর্থিক অগ্রগতি ২০১০.০৯ লক্ষ টাকা।  খ) “চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন খালঘাট হতে নসিপুর পর্যন্ত মহানন্দা নদী পুনঃখনন/ডেজিং” শীর্ষক প্রকল্পের উপর বিগত ১৫-০৯-২০১৩ইং তারিখে পরিকল্পনা কমিশনে প্রি-একনেক বৈঠক অনুষ্ঠিত হয়েছে বৈঠকে প্রস্তাবিত ১ টি রাবার ড্যাম নির্মাণসহ ৩০.০০ কিঃ মিঃ নদী পুনঃখনন সহ সেচের আওতাভুক্ত জমির পরিমাণ, পানির প্রাপ্যতা এবং রিজার্ভারে পানির স্থায়িত্বকাল ও ধারণ ক্ষমতা ইত্যাদি বিষয়ে বিস্তারিত সমীক্ষা করে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করতঃ প্রকল্প প্রস্তাব পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সমীক্ষা পরিচালনার নিমিত্তে পরামর্শক দল হিসাবে IWM কে বোর্ড কর্তৃক নিয়োগ দেওয়া হয়েছে। সমীক্ষা কাজ চলমান রয়েছে। আগামী জুন, ২০১৫ইং তারিখের মধ্যে IWM ফাইনাল রিপোর্ট দাখিল করবেন।
২৫।	ভৈরব নদী এবং ভৈরব ও কাজলা নদীর সংযোগস্থল এমনভাবে খনন করতে হবে যেন শুকনা মৌসুমে সেচ ও বর্ষায় জলাধার হিসেবে ব্যবহৃত হতে পারে (মেহেরপুর জেলার মুজিবনগরে অনুষ্ঠিত এক জনসভায়; তারিখঃ ১৭/০৪/২০১১)	৩০/০৬/২০১৭			<b>বাস্তবায়ন অগ্রগতি ৩%</b> মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলায় ৭৩৮২.৮৪ লক্ষ টাকা ব্যয় সম্বলিত (বাস্তবায়নকাল জানু/২০১৪ হতে জুন/২০১৭) “ভৈরব নদী পুনর্খনন” প্রকল্পের ডিপিপি ডিসেম্বর ২০১১ এ ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ফেব্রুয়ারী ২০১২ এ পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রকল্পের যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। এপ্রিল ২০১২

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
					এ যাচাই কমিটির সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটি ২০১২-১৩ অর্থ বছরের এডিপিতে বরাদ্দবিহীনভাবে সবুজ পাতায় অন্তর্ভুক্ত হওয়ার পর পানি সম্পদ মন্ত্রণালয়ের ১৩-০৮-২০১২ তারিখের পত্র মোতাবেক সেক্টর ২০১২ এ পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। নভেম্বর/২০১২ তে পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে প্রকল্পের উপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা অনুষ্ঠিত হয়। ডিসেম্বর ২০১২ এ ২২-১১-২০১২ এ অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি পাসমতে প্রেরণ করা হয়। অতঃপর প্রকল্পটি অনুমোদনের জন্য একনেক অনুবিভাগে প্রেরণ করা হলে প্রকল্পের অনুকূলে মধ্য মেয়াদী বাজেট কাঠামোর আওতায় ২০১৩-১৪ অর্থ বছরের প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করণ এবং প্রকল্পের মেয়াদ জুলাই, ২০১৩ নির্ধারণপূর্বক ডিপিপি পুনর্গঠন করে প্রেরণের জন্য একনেক অনুবিভাগের ২৯/০৮/২০১৩ তাং ও পরিকল্পনা কমিশনের ০৮/০৯/২০১৩ তাং এর পত্র দ্বারা নির্দেশনা প্রদান করা হয়। একনেক অনুবিভাগ ও পরিকল্পনা কমিশনের উপরোক্ত পত্র অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি জানুয়ারী, ২০১৪ এ পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। অতঃপর ১১/০৩/২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়েছে এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের ১৫-০৪-২০১৪ তারিখের স্মারক মোতাবেক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন জারী করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় মেহেরপুর জেলার ভৈরব নদী পুনঃখনন কাজ ৭০৬৫.৫১ লক্ষ টাকায় সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) বাংলাদেশ নৌ-বাহিনী পরিচালিত ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড নারায়ণগঞ্জকে নিয়োগের প্রস্তাব পানি সম্পদ মন্ত্রণালয় হতে গত ১১/০১/২০১৫ তারিখে অনুমোদন করা হয়। ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড নারায়ণগঞ্জকে ২২/০১/২০১৫ তারিখে (NOA) প্রদান করা হয়েছে। অনুমোদিত প্রস্তাব অনুযায়ী ২২.৮০ কিঃমিঃ (৪৯৬০৬৯০.৯৮ ঘনমিটার মাটি) নদী খনন কাজ শুরু করা হয়েছে। কাজটি জুন, ২০১৭ সালে সমাপ্ত হবে।
২৬।	প্রযোজ্য ক্ষেত্রে শীতলক্ষ্যা ও বুড়িগঙ্গা নদী ড্রেজিং করা। (নারায়ণগঞ্জ জেলা সফরকালে; তারিখঃ ২০/০৩/২০১১)	৩১/১২/২০১৬	প্রকল্প বাস্তবায়নে বরাদ্দ অপ্রতুল	আর্থিক বরাদ্দ বৃদ্ধি প্রয়োজন	<b>বাস্তবায়ন অগ্রগতি- ১২.৫০%</b> শীতলক্ষ্যা ও বুড়িগঙ্গা নদী ড্রেজিং কাজ বিআইডব্লিউটিএ কর্তৃক বাস্তবায়ন করা হয়। ড্রেজিং সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য পানি উন্নয়ন বোর্ড থেকে পত্র দেয়া হয়েছে কিন্তু বিআইডব্লিউটিএ থেকে অদ্যাবধি কোন তথ্য পাওয়া যায়নি। “বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার প্রকল্পে আওতায় নতুন ধলেশ্বরী, পুংলী, বংশী ও তুরাগ নদী খননের সংস্থান রয়েছে। কিন্তু বুড়িগঙ্গা ও শীতলক্ষ্যা নদী খননের কোন কার্যক্রম নাই। শীতলক্ষ্যা ও বুড়িগঙ্গা নদী খনন কাজ বিআইডব্লিউটিএ এর আওতাধীন।
২৭।	ভরাট হওয়া হাওর খনন করা সুনামগঞ্জ জেলার টেকেরহাট হতে সুলেমানপুর হয়ে লালপুর হয়ে গাংলাজুরী পর্যন্ত কংস নদী খনন। (সুনামগঞ্জের তাহিরপুরে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ১০/১১/২০১০)	৩০/০৬/২০১৫	প্রকল্প বাস্তবায়নে বরাদ্দ অপ্রতুল	আর্থিক বরাদ্দ বৃদ্ধি প্রয়োজন	<b>বাস্তবায়ন অগ্রগতি ১১% (প্রকল্পের)</b> মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুসারে “হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন উন্নয়ন” প্রকল্পের আওতায় ডিপিপিতে যাদুকাটা নদী ৫ কিঃমিঃ, রক্তি নদী ৬ কিঃমিঃ, চলতি নদী ৭.০০ কিঃমিঃ, পুরাতন সুরমা নদী ১১ কিঃমিঃ ও বৌলাই নদী ১১ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ অন্তর্ভুক্ত আছে। IWM এর সংগৃহীত উপাত্ত অনুযায়ী আনোয়ারপুর, সুলেমানপুর, গোপালপুর, হাসানপুর হয়ে লালপুরে সুরমা নদীতে “আপার বৌলাই নদী” মিলিত হয়েছে। উল্লেখিত অংশে মোট ৫২.০০ কিঃমিঃ “আপার বৌলাই নদী” খননের নকশা অনুমোদিত হয়েছে। টেকেরহাট (স্থানীয়ভাবে টেকেরঘাট নামে উচ্চারিত) হতে সুলেমানপুর পর্যন্ত অংশ “পাটনাই গাং” নামে পরিচিত। এ অংশ খননের জন্য নকশা প্রণীত হয়নি। সুলেমানপুর হতে গোপালপুর, হাসানপুর হয়ে লালপুর পর্যন্ত অংশ “আপার বৌলাই নদী” তে অন্তর্ভুক্ত হয়েছে। অপরদিকে নেত্রকোনার মোহনপুর হতে ধর্মপাশা হয়ে গাংলাজুর পর্যন্ত চন্দ্রসোনার খাল হাওর ও হাইজদা প্রকল্পের মাঝ দিয়ে প্রবাহিত অংশ কংস নদী ডিপিপিতে অন্তর্ভুক্ত হয়নি। কংস নদী ডিপিপিতে অন্তর্ভুক্ত না হওয়ায় খনন কার্যক্রম গৃহীত হয়নি।
২৮।	যাদুকাটা নদী হয়ে রক্তি নদী-বৌলাই হয়ে সুলেমানপুর পর্যন্ত নদী খনন। (সুনামগঞ্জ জেলা সফরকালে; তারিখঃ ১০/১১/২০১০)	৩০/০৬/২০১৫	প্রকল্প বাস্তবায়নে বরাদ্দ অপ্রতুল	আর্থিক বরাদ্দ বৃদ্ধি প্রয়োজন	<b>বাস্তবায়ন অগ্রগতি ১১% (প্রকল্পের)</b> যাদুকাটা নদীর আনোয়ারপুর হতে সুলেমানপুর অংশ “আপার বৌলাই নদী” হিসেবে খননের জন্য নকশা অনুমোদিত হয়েছে। তবে “আপার বৌলাই নদী” র আউটফল লালপুর হতে আনোয়ারপুর পর্যন্ত মোট ৫২.০০ কিঃমিঃ দৈর্ঘ্যের নকশা প্রণীত হয়েছে। তবে ডিপিপিতে ১১.০০ কিঃমিঃ খনন কাজের সংস্থান রয়েছে। বরাদ্দ স্বল্পতার কারণে খনন কার্যক্রম গৃহীত হয়নি।
২৯।	যাদুকাটা হয়ে রক্তি নদী হয়ে সুরমা নদী খনন। (সুনামগঞ্জ জেলা সফরকালে; তারিখঃ ১০/১১/২০১০)	৩০/০৬/২০১৫	প্রকল্প বাস্তবায়নে বরাদ্দ অপ্রতুল	আর্থিক বরাদ্দ বৃদ্ধি প্রয়োজন	<b>বাস্তবায়ন অগ্রগতি ১১% (প্রকল্পের)</b> যাদুকাটা হতে রক্তি নদী পর্যন্ত ৩২.৫০ কিঃমিঃ অংশের খনন কার্যক্রমের নকশা প্রণীত হয়েছে। ডিপিপিভুক্ত রক্তি নদীর ৬.০০ কিঃমিঃ খনন কার্যক্রম চলতি ২০১৪-১৫ অর্থবছরে বাস্তবায়নধীন রয়েছে। তবে নকশা অনুযায়ী রক্তি নদীর ২৩.৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে খনন করা প্রয়োজন। ডিপিপিভুক্ত পুরাতন সুরমা নদী সুনামগঞ্জ সদরের পইন্দা হতে দক্ষিণ সুনামগঞ্জ, দিরাই হয়ে ঘোড়াউত্রা নদীতে ১০৬.০০ কিঃমিঃ দীর্ঘ প্রবাহ শেষে

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য																					
১	২	৩	৪	৫	৬																					
৩০।	কালনী ও কুশিয়ারা নদীতে ক্যাপিটাল ডেজিং। (সুনামগঞ্জের তাহিরপুরে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ১০/১১/২০১০)	৩০/০৬/২০১৬			<p>পতিত হয়েছে। জরীপ অনুযায়ী কিঃমিঃ ২৪.০০ হতে কিঃমিঃ ৪৫.০০ পর্যন্ত খনন জরুরী। পুরাতন সুরমা নদী খননের নকশা প্রণয়ন প্রক্রিয়াধীন।</p> <p><b>বাস্তবায়ন অগ্রগতি ৭.৫০%</b></p> <p>“কালনী কুশিয়ারা নদী ব্যবস্থাপনা” শীর্ষক প্রকল্পটি বিগত ০৮/০৫/২০১১ইং তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। বর্তমানে প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল এপ্রিল/২০১১ হতে জুন ২০১৫ পর্যন্ত। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয়ঃ ৬০৯৮৩.৩১ লক্ষ টাকা। অনুমোদিত ডিপিপি অনুযায়ী বর্তমানে বছর ওয়ারী সংস্থানকৃত ও প্রাপ্ত অর্থ বরাদ্দ নিম্নরূপঃ-</p> <table border="1"> <thead> <tr> <th>অর্থবছর</th> <th>ডিপিপি অনুযায়ী সংস্থানকৃত বরাদ্দ (লক্ষ টাকা)</th> <th>প্রাপ্ত বরাদ্দ (লক্ষ টাকা)</th> </tr> </thead> <tbody> <tr> <td>২০১০-২০১১</td> <td>৫২৫.০০</td> <td>-</td> </tr> <tr> <td>২০১১-২০১২</td> <td>২৭৫৫৩.১৬</td> <td>১৬৬.৮৩</td> </tr> <tr> <td>২০১২-২০১৩</td> <td>১৯৯৩৯.৮৮</td> <td>৮৩৬.৬১</td> </tr> <tr> <td>২০১৩-২০১৪</td> <td>১২৯৬৫.২৭</td> <td>১৪৯৯.২৭</td> </tr> <tr> <td>২০১৪-২০১৫</td> <td>-</td> <td>৪২০০.০০</td> </tr> <tr> <td>সর্বমোট</td> <td>৬০৯৮৩.৩১</td> <td>৬৭০২.৭১</td> </tr> </tbody> </table> <p>২। ক) উপরে উল্লিখিত ছক মোতাবেক বিষয়ভূক্ত প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে ২০১০-১১ অর্থ বৎসরে ৫২৫ লক্ষ টাকা সংস্থান থাকলেও বরাদ্দ না থাকায় প্রকল্পের কোন কার্যক্রম গৃহীত হয় নাই।</p> <p>খ) ২০১১-১২ আর্থিক বৎসরে বিষয়ভূক্ত প্রকল্পের অনুকূলে এডিপি বরাদ্দ ৩০০.০০ লক্ষ টাকা থাকলেও ঐ অর্থ বছরে ভবন নির্মাণ, গাড়ী ক্রয় ব্যতীত অন্য কোন পূর্ত কাজ বাস্তবায়ন সম্ভব হয় নাই। কারন পূর্ত কাজের সিংহভাগই ডেজিং/নদী খনন কাজ যা স্বল্প বরাদ্দে বাস্তবায়ন করা সম্ভব হয় নাই।</p> <p>গ) ২০১২-১৩ অর্থ বছরে বিষয়ভূক্ত প্রকল্পের আওতায় কাটকাল লুপকাট সহ ২টি ক্রোজার নির্মাণ কাজের বিপরীতে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। কাজের চুক্তিমূল্য ২১৪৮.৫৬ লক্ষ টাকা। উল্লেখিত কাজ বাস্তবায়নের জন্য জমি অধিগ্রহণের প্রয়োজন হওয়ায় মাঠ পর্যায়ে কাজ শুরু করতে বিলম্ব হয়। পরবর্তীতে ঐ আর্থিক বৎসরে সংশোধিত এডিপি বরাদ্দ ৮৫০.০০ লক্ষ টাকার বিপরীতে ৮৩৬.৬১ লক্ষ টাকা ব্যয় হয়। প্রাথমিকভাবে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও জমি অধিগ্রহণ ও চুক্তিমূল্যের অবশিষ্ট অর্থ দ্বারা আলোচ্য প্রকল্পের বড় আকারের ডেজিং কাজের পরিকল্পনা গ্রহণ করা সম্ভব হয় নাই।</p> <p>ঘ) ২০১৩-১৪ অর্থ বছরে বিষয়ভূক্ত প্রকল্পের অনুকূলে ২৫০০.০০ লক্ষ টাকা এডিপি বরাদ্দ পাওয়া যায়। মাঠ পর্যায়ে বিগত বছরের চলমান কাজের অনুকূলে চাহিদা মোতাবেক ১৫০০.০০ লক্ষ টাকা সংশোধিত বরাদ্দ প্রদান করা হয় প্রাপ্ত মূল বরাদ্দের অবশিষ্ট অর্থ ডেজিং কাজ বাস্তবায়নের জন্য অপ্রতুল ছিল বিধায় ডেজিং কাজ শুরু করা সম্ভব হয় নাই। সংশোধিত বরাদ্দ অনুযায়ী ২০১৩-১৪ অর্থবছরে ১৪৯৯.২৭ লক্ষ টাকা ব্যয় হয়।</p> <p>ঙ) চলতি আর্থিক বৎসরে ১৪.৭০ কিঃমিঃ ডেজিং কাজসহ ১৪টি Village platform with compartmental dyke নির্মাণ কাজ হাতে নেওয়া হয়েছে যার প্রাক্কলিত ব্যয়ঃ ৫২০০.০০ লক্ষ টাকা। চলতি আর্থিক বৎসরে এডিপি বরাদ্দ ৪২০০.০০ লক্ষ টাকা। কারিগরী দিক বিবেচনায় স্বল্প মাত্রায় Picemeal ডেজিং কাজ হাতে নেওয়া হলে কাজটি অর্থহীন হয়ে পড়বে বিবেচনায় চলতি আর্থিক বৎসরে বরাদ্দের অতিরিক্ত কাজ হাতে নেওয়ার পরিকল্পনা করা হয়েছে।</p> <p>চ) চলতি আর্থিক বৎসরে আলোচ্য প্রকল্পের অনুকূলে বাপাউবো ডেজার পরিদপ্তর কর্তৃক ১৪.৯৬ কিঃমিঃ ডেজিং কাজ ও ১৪টি village platform with compartment dyke নির্মাণ কাজ চলমান রয়েছে। মাঠ পর্যায়ে river alignment নির্ধারণ, village platform নকশা অনুমোদনে বিলম্ব এবং ডেজার পরিদপ্তরের ডেজিং কাজ চলমান রাখার সময় স্থানীয় জনগণের বাধার কারনে, পর্যাপ্ত ডেজার নিয়োজিত না হওয়ায় ডেজিং কার্যক্রম চালাতে অভিজ্ঞ ও দক্ষ জনবল না থাকায় এবং লক্ষ্য মাত্রার চেয়ে প্রতিদিন কম সময়ে ডেজার কার্যরত থাকায় কাজের অগ্রগতি কম হয়।</p> <p>উল্লেখিত অনুচ্ছেদ ১ হতে ২ (চ) পর্যন্ত বর্ণনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের কাজ শুরু হতে ২০১৩-১৪ অর্থবছর পর্যন্ত অপার্যাপ্ত বরাদ্দ প্রাপ্ত হওয়ায় মাঠ পর্যায়ে নদী ডেজিং কাজ বাস্তবায়ন শুরু করা সম্ভব হয় নাই বিধায় বছর ভিত্তিক বরাদ্দ অপেক্ষা ব্যয় কিছুটা কম হয়। অনুমোদিত ডিপিপি অনুযায়ী বছর ভিত্তিক বরাদ্দ প্রাপ্ত হলে প্রকল্পের কাজ সঠিক সময়ে বাস্তবায়ন সম্ভব হতো এবং প্রকল্পের কাজিত সুফল পাওয়া যাবে।</p>	অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংস্থানকৃত বরাদ্দ (লক্ষ টাকা)	প্রাপ্ত বরাদ্দ (লক্ষ টাকা)	২০১০-২০১১	৫২৫.০০	-	২০১১-২০১২	২৭৫৫৩.১৬	১৬৬.৮৩	২০১২-২০১৩	১৯৯৩৯.৮৮	৮৩৬.৬১	২০১৩-২০১৪	১২৯৬৫.২৭	১৪৯৯.২৭	২০১৪-২০১৫	-	৪২০০.০০	সর্বমোট	৬০৯৮৩.৩১	৬৭০২.৭১
অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংস্থানকৃত বরাদ্দ (লক্ষ টাকা)	প্রাপ্ত বরাদ্দ (লক্ষ টাকা)																								
২০১০-২০১১	৫২৫.০০	-																								
২০১১-২০১২	২৭৫৫৩.১৬	১৬৬.৮৩																								
২০১২-২০১৩	১৯৯৩৯.৮৮	৮৩৬.৬১																								
২০১৩-২০১৪	১২৯৬৫.২৭	১৪৯৯.২৭																								
২০১৪-২০১৫	-	৪২০০.০০																								
সর্বমোট	৬০৯৮৩.৩১	৬৭০২.৭১																								

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
৩১।	কুমিল্লা জেলাধীন মেঘনা উপজেলায় মেঘনা কাঠালিয়া বেড়ীবীধ নির্মাণ। (কুমিল্লা জেলার তিতাস উপজেলা সফরকালে; তারিখঃ ০৭/১১/২০১০)	৩০/০৬/২০১৫			<b>বাস্তবায়ন অগ্রগতি ৮২%</b> কুমিল্লা জেলাধীন মেঘনা উপজেলায় মেঘনা-কাঠালিয়া বেড়ীবীধ নির্মাণ কাজের জন্য “কুমিল্লা জেলার অন্তর্গত মেঘনা উপজেলাধীন ৩৭টি খাল পুনঃখনন” শীর্ষক একটি প্রকল্প প্রস্তাবনা (প্রাক্কলিত ব্যয় ১২.০০ কোটি টাকা এবং বাস্তবায়নকাল অক্টোবর/২০১২ হতে জুন/২০১৫ পর্যন্ত) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নের জন্য পাসম এর মাধ্যমে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়; যা ০৭/০৩/২০১৩ তারিখে অনুমোদিত হয়েছে। প্রকল্পের ৭৯.৬৩ কিঃমিঃ খালের মধ্যে ৬টি প্যাকেজের মাধ্যমে ৪১.৫০ কিঃমিঃ খাল খননের কাজ সমাপ্ত হয়েছে। বর্তমান অর্থ-বছরে অবশিষ্ট ৩৮.১৩ কিঃমিঃ খাল খননের কাজ চলমান রয়েছে।
৩২।	কপোতাক্ষ নদ পুনঃখনন (সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় আইলায় বিধ্বস্ত এলাকা পরিদর্শনকালে কপোতাক্ষ নদ পুনঃখননের জন্য নির্দেশ প্রদান করেন এবং যশোর জেলা সফরকালে কপোতাক্ষ নদী পুনঃখননের সদয় প্রতিশ্রুতি দেন; তারিখঃ ২৩/০৭/২০১০ ও ২৭/১২/২০১০)	৩০/০৬/২০১৫			<b>বাস্তবায়ন অগ্রগতি ৩৪.৬৪%</b> ২০১১-২০১২ইং অর্থ বছরের সেপ্টেম্বর ২০১১ মাসে প্রকল্পটি একনেকে অনুমোদন লাভ করে অনুমোদিত প্রকল্পের ডিপিপি মূল্য ২৬১৫৪.৮৩ লক্ষ টাকা প্রকল্পের গ্রস এরিয়া ১০২০০০ হেক্টর এবং উপকৃত এলাকা ৭৫০০০ হেক্টর। প্রকল্পের আওতায় ৯০ কিঃমিঃ কপোতাক্ষ নদ পুনঃখনন সহ শাখা খাল এবং টিআরএম অংশের কাজ বাস্তবায়নের সংস্থান আছে। ২০১১-২০১২ সালেই প্রকল্পের বাস্তবায়ন শুরু করা হয়। শুরুতেই জেলা প্রশাসন, সাতক্ষীরা কর্তৃক ভূমি হুকুম দখল সম্পন্ন করে ২০১১-২০১২ সালে পাখিমারা বিলে টিআরএম এর অবকাঠামো (পেরিফেরিয়াল বাঁধ, আউটলেট ইত্যাদি) নির্মাণ ও নদ খনন ব্যাতিরেকে অন্যান্য কাজ (বাঁধ নির্মাণ, খাল খনন ইত্যাদি) বাস্তবায়ন শুরু করা হয়।  ২০১২-২০১৩ সালে টিআরএম এর অবকাঠামো ৭০% অগ্রগতির পর্যায়ে টিআরএম এর বিরুদ্ধে একটি রীট মামলায় মাননীয় হাইকোর্টের নিষেধাজ্ঞার প্রেক্ষিতে মাঠ পর্যায়ে পাখিমারা টিআরএম সংশ্লিষ্ট কাজ বন্ধ হয়ে যায়। মামলা মোকাবেলা করা হলে মাননীয় হাইকোর্টের নিষেধাজ্ঞা মাননীয় এপিএল ডিভিশন হতে রহিত করা হয়। এ অবস্থায় ২০১৩-২০১৪ অর্থ বছরে টিআরএম এর অবশিষ্ট কাজ বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়। কিন্তু ঘের চাষীদের স্বার্থাশেষী মহল কিছু কিছু রাজনৈতিক ব্যক্তির যোগসাজেসে মাঠ পর্যায়ে কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি করেন। জেলা ও উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগের সহায়তা নিয়ে প্রতিনিয়ত বিবিধ বাঁধা বিপত্তি অতিক্রম করে টিআরএম এর বাঁধের কাজ ৮৫%-৯০% সম্পন্ন করা হয়।  ২০১২-২০১৩ সালে টিআরএম এর সংযোগ খাল (Link Canal) এর কাজ বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়। কিন্তু স্বার্থাশেষী মহলের প্ররোচনায় ও প্রলোভনে জমির মালিকগণ ভূমি অধিগ্রহণে বারবার বিবিধ আপত্তি উত্থাপন করায় জেলা প্রশাসন ও বিভাগীয় কমিশনার পর্যায়ে বহুবার আপত্তি নিষ্পত্তি করতে অনেক সময় নষ্ট হয়। এভাবেই ২০১২-২০১৩ সাল শেষ হয়ে যায়। এ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সহযোগিতা গ্রহণ করে আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়। এরপর জেলা প্রশাসক, সাতক্ষীরা কর্তৃক দ্রুততার সাথে অধিগ্রহণ কাজ সম্পন্ন করা হয়।  ২০১৩-২০১৪ সালে সংযোগ খাল খননের জোর উদ্যোগ গ্রহণ করা হয়। সংযোগ খালের পাশাপাশি নদে ক্রসড্যাম স্থাপন করে টিআরএম চালুর প্রচেষ্টা গ্রহণ করা হয়। ইতিমধ্যে প্রকল্পের ৩য় বছর অতিক্রম হলেও নদ পুনঃখনন কাজ শুরু না করায় স্থানীয় ও জাতীয় পর্যায়ে হতাশা প্রকাশ করা হয় এবং প্রকল্পটি বুগ (Sick) প্রকল্পের রূপ পরিগ্রহ করে এবং প্রতি বছর জলাবদ্ধতায়/বন্যায় জনসাধারণের দুর্ভোগের বিষয়ে মাননীয় প্রধান মন্ত্রীর দপ্তর হতেও উদ্বেগ প্রকাশ করা হয়। টিআরএম চালুর অপেক্ষায় নদ খননে বিলম্ব করার যুক্তি থাকলেও আংশিক সেকশনে একটি চ্যানেল খনন করে সাময়িকভাবে জলাবদ্ধতা সহনীয় মাত্রায় নিয়ে আসার জন্য তৎকালীন স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব প্রকৌশলী মুজিবর রহমান বারবার অনুরোধ জানাতে থাকেন। উক্ত পরিস্থিতিতে টিআরএম এর সংযোগ খাল খননের তৎপড়তা বৃদ্ধিসহ ক্রসড্যাম নির্মাণ কাজ হাতে নেয়া হয়। ক্রসড্যামটি টিআরএম ও পাইলট চ্যানেল খনন উভয় কাজের জন্যই অপরিহার্য হয়ে পরে। উজানে জমে থাকা পানি নিষ্কাশন ও ২০১৪ সালের বর্ষাকালীন বন্যার পানি নিষ্কাশনের জন্য নদের অধিকতর ভরাট ৪৭.০০ কিঃমিঃ দৈর্ঘ্যে আংশিক সেকশনে একটি পাইলট চ্যানেল খনন করা হয়। এর মধ্যে দুইটি পৃথক মামলায় মাননীয় হাইকোর্টের নিষেধাজ্ঞায় সংযোগ খালের কাজ বাঁধাগ্রস্ত হয়ে বিলম্ব হয়। মামলার কার্যক্রম অব্যাহত রেখে হাইকোর্টের ডেপুটি এটর্নি জেনারেলসহ সিনিয়র এ্যাডভোকেটদের পরামর্শ ক্রমে রীট/নিষেধাজ্ঞার মধ্যেই সংযোগ খালের কাজ একটি পর্যায় পর্যন্ত সম্পন্ন করা হয়।  টিআরএম এর সংযোগ খালটি পাখিমারা বিলে প্রবেশের পূর্বে একটি উপজেলা সংযোগ সড়ক অতিক্রম করায় প্রকল্পের অধীনে উক্ত স্থানে একটি বেইলী ব্রিজ, খুলনা শিপইয়ার্ড কর্তৃক নির্মাণাধীন আছে। এ কাজটিও গত অর্থ বছরে সম্পন্ন করার কথা থাকলেও স্বার্থাশেষী চক্র পেশি শক্তি ব্যবহার করে কাজে বাঁধা দিয়ে কাজটি বাস্তবায়নে বিলম্ব ঘটায়। সকল বাঁধা অতিক্রম করে বর্তমানে বেইলী ব্রিজ নির্মাণ কাজ চলছে যা মার্চ ২০১৫ মাসে সম্পন্ন হবে এবং মার্চ ২০১৫ মাসে টিআরএম চালু করা হবে বলে আশা করা যাচ্ছে।  ২০১৩-২০১৪ সালে নদ পুনঃখনন কাজ ২০.৫৪% সম্পন্ন হয়েছে। ২০১৪-২০১৫ সালে নদ পুনঃখনন কাজের ১৭.৫৪% অগ্রগতি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ১১% অর্জিত হয়েছে। হালনাগাদ মোট অগ্রগতি ৩১.৫৪% প্রকল্পের অনুকূলে মোট ব্যয় হয়েছে ৭৩১০.৮১ লক্ষ টাকা। ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ জুন/২০১৫। ব্যয় ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন/২০১৭ পর্যন্ত বৃদ্ধি করার আবেদন করা হয়েছে। টিআরএম অংশের কাজ বাস্তবায়নের বিরুদ্ধে একটি রীট আবেদনের

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
					<p>প্রেক্ষিতে মাননীয় হাইকোর্টের নিষেধাজ্ঞা এবং স্থানীয় মৎস্য ঘের চাষী চক্রের বাঁধার কারণে টিআরএম অঞ্জের কাজ বাস্তবায়নে বিলম্ব হয়েছে। উক্ত নিষেধাজ্ঞা মাননীয় আপিল বিভাগ হতে স্থগিত করা হয়। কাজেই এখন প্রকল্পের কাজে কোন বাঁধা নেই। টিআরএম এর পেরিফেরিয়াল বাঁধ নির্মাণ কাজ সম্পন্ন, তবে ভূমি অধিগ্রহণ জটিলতার কারণে টিআরএম এর সংযোগ খালের কাজ বাস্তবায়নে বিলম্ব হয়েছে। সম্প্রতি এই অধিগ্রহণ কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের কাজ ঘের চাষী চক্র পদে পদে বাঁধা হয়ে দাড়িয়েছে।</p> <p>প্রকল্পের কাজের গুনগতমান রক্ষা ও প্রকল্পের কাজে বিভিন্নভাবে সহযোগিতা করার জন্য পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে কমিটি গঠিত হয়েছে। ইতোমধ্যে সাতক্ষীরা জেলায় সভা সম্পন্ন করা হয়েছে। আগামী ০৮-০৩-২০১৫ খ্রিঃ তারিখ যশোর জেলায় সভা আহবান করা হয়েছে। সাতক্ষীরা জেলায় অনুষ্ঠিত সভায় আগামী ০৬-০৩-২০১৫ খ্রিঃ তারিখ টিআরএম এর বাঁধ মেরামত করতঃ টিআরএম চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু খুলনা শিপ ইয়ার্ড লিমিটেড (খুশিলি) বেইলী ব্রীজের নির্মাণ কাজ শেষ করার জন্য ২০-০৩-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করার জন্য আবেদন করেছেন। সুতরাং উক্ত সময়ের পর টিআরএম চালু করা সম্ভব হবে বলে আশা করা যায়।</p> <p>বর্তমানে প্রকল্প এলাকায় মোট ৯০ টি এক্সভেটর কাজ করছে। কাজের অগ্রগতি সন্তোষজনক। চলতি অর্থ বছরে এডিপি বরাদ্দ ৪৬১০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৯৪৫৭ লক্ষ টাকায় বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়েছে। বরাদ্দের নিশ্চয়তা পাওয়া গেলে কাজের অগ্রগতি উল্লেখযোগ্যহারে বৃদ্ধি পাবে।</p>



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি এবং নির্দেশনা মোতাবেক গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন (প্রক্রিয়াধীন প্রকল্প)

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল			বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
৩৩।	“যমুনা নদীর ভাঙ্গন থেকে ভূয়াপুরকে রক্ষার লক্ষ্যে তারাকান্দি হতে জোকেরচর পর্যন্ত স্থায়ী গাইড বাঁধ নির্মাণ করা” (ভূয়াপুর ও হেমনগর রেলওয়ে স্টেশনের পথসভায়; তারিখঃ ৩০-০৬-২০১২)	৩০/০৬/২০১৪ (প্রকল্প প্রস্তাবনা অনুযায়ী)			“যমুনা নদীর ভাঙ্গন থেকে ভূয়াপুরকে রক্ষার লক্ষ্যে তারাকান্দি হতে জোকেরচর পর্যন্ত স্থায়ী গাইড বাঁধ নির্মাণ করা” (প্রাক্কলিত ব্যয় ২৪.১৬ কোটি টাকা, বাস্তবায়নকাল-জানুয়ারী/২০১৩ হতে জুন/২০১৪) শিরোনামে একটি প্রকল্প জলবায়ু ট্রাস্ট ফান্ডের আওতায় বাস্তবায়নের জন্য ডিসেম্বর/২০১২ তে বন ও পরিবেশ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরিবেশ ও বন মন্ত্রণালয়ে যোগাযোগ করা হলে বাংলাদেশ জলবায়ু ট্রাস্ট ফান্ড এ অর্থের স্বল্পতার কারণে প্রকল্পটি নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। এমতাবস্থায়, বর্ণিত প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে ০২/০৩/২০১৫ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে হতে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
৩৪।	সন্দ্বীপের দক্ষিণ-পশ্চিমের ভেঙ্গে যাওয়া বেড়ীবাঁধ পুনঃনির্মাণ। (চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় সরকারী হাজী আব্দুল বাতেন কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ১৮/০২/২০১২)				জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে সন্দ্বীপ-কোম্পানীগঞ্জ সড়কবাঁধ নির্মাণ কাজটি প্রকল্প প্রস্তাবনায় (ডিপিপি) সন্দ্বীপ-উড়িচর ক্রসড্যাম নির্মাণ হিসাবে অন্তর্ভুক্ত রয়েছে। প্রতিশ্রুত প্রকল্পটি ৬৮৩.০০ কোটি টাকা ব্যয় সম্বলিত প্রকল্প প্রস্তাবনা মন্ত্রণালয়ের মাধ্যমে জলবায়ু পরিবর্তন রেজিলেন্স ফান্ড (BCCRF) হতে অর্থায়নের জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়; পরবর্তীতে উহার অনুকূলে অর্থায়নের জন্য প্রকল্পটি বিশ্ব ব্যাংকের নিকট প্রেরণ করা হয়।  এ যাবৎকাল পর্যন্ত ক্রস ড্যাম নির্মাণের জন্য যে সকল সম্ভাব্যতা যাচাই সমীক্ষা সম্পাদন করা হয়েছে, ঐ সকল সমীক্ষা প্রতিবেদনের উপর মতামত প্রদান করার জন্য বিশ্ব ব্যাংক কর্তৃক একজন উপদেষ্টা নিয়োগ করেন। উপদেষ্টা সকল প্রতিবেদনের পর্যালোচনা পূর্বক মত প্রকাশ করেন যে, ক্রস ড্যাম নির্মাণের পূর্বে জলবায়ু পরিবর্তনের কারণে ক্রস ড্যামের টেকসই যাচাইসহ বিস্তারিত নকশা প্রণয়ন এবং পরিবেশগত সমীক্ষা সম্পাদন আবশ্যিক। এই মতামতের প্রেক্ষিতে বিশ্ব ব্যাংক আরোও একটি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের প্রস্তাবনা দাখিল করার পরিপ্রেক্ষিতে ০.৭০ মিলিয়ন ডলার ব্যয় সম্বলিত একটি সমীক্ষা প্রকল্প Bangladesh Climate Change Resilience Fund (BCCRF) এর অর্থায়নের জন্য পরিবেশ মন্ত্রণালয়ে দাখিল করা হয়; যা গত ৭ই জুন, ২০১২ তারিখে Project Management Committee কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে বিশ্বব্যাংকের অর্থায়নে উপদেষ্টা নিয়োগের মাধ্যমে সমীক্ষা কাজ ৩০/০৬/২০১৪ তারিখে সম্পন্ন হয়েছে; উক্ত সমীক্ষা রিপোর্ট বিশ্বব্যাংক কর্তৃক যাচাই বাছাই করা হচ্ছে। প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় হতে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩৫।	সন্দ্বীপ-উড়িচর ক্রসড্যামের সম্ভাব্যতা যাচাই করে সন্দ্বীপের কোন ক্ষতি না হলে নির্মাণ করা। (চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় সরকারী হাজী আব্দুল বাতেন কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ১৮/০২/২০১২)	-			প্রতিশ্রুত প্রকল্পটি ৬৮৩.০০ কোটি টাকা ব্যয় সম্বলিত প্রকল্প প্রস্তাবনা মন্ত্রণালয়ের মাধ্যমে জলবায়ু পরিবর্তন রেজিলেন্স ফান্ড (BCCRF) হতে অর্থায়নের জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়; পরবর্তীতে উহার অনুকূলে অর্থায়নের জন্য প্রকল্পটি বিশ্ব ব্যাংকের নিকট প্রেরণ করা হয়।  এ যাবৎকাল পর্যন্ত ক্রস ড্যাম নির্মাণের জন্য যে সকল সম্ভাব্যতা যাচাই সমীক্ষা সম্পাদন করা হয়েছে, ঐ সকল সমীক্ষা প্রতিবেদনের উপর মতামত প্রদান করার জন্য বিশ্ব ব্যাংক কর্তৃক একজন উপদেষ্টা নিয়োগ করেন। উপদেষ্টা সকল প্রতিবেদনের পর্যালোচনা পূর্বক মত প্রকাশ করেন যে, ক্রস ড্যাম নির্মাণের পূর্বে জলবায়ু পরিবর্তনের কারণে ক্রস ড্যামের টেকসই যাচাইসহ বিস্তারিত নকশা প্রণয়ন এবং পরিবেশগত সমীক্ষা সম্পাদন আবশ্যিক। এই মতামতের প্রেক্ষিতে বিশ্ব ব্যাংক আরোও একটি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের প্রস্তাবনা দাখিল করার পরিপ্রেক্ষিতে ০.৭০ মিলিয়ন ডলার ব্যয় সম্বলিত একটি সমীক্ষা প্রকল্প Bangladesh Climate Change Resilience Fund (BCCRF) এর অর্থায়নের জন্য পরিবেশ মন্ত্রণালয়ে দাখিল করা হয়; যা গত ৭ই জুন, ২০১২ তারিখে সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত Project Management Committee কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে বিশ্বব্যাংকের অর্থায়নে উপদেষ্টা নিয়োগের মাধ্যমে সমীক্ষা কাজ ৩০/০৬/২০১৪ তারিখে সম্পন্ন হয়েছে। সমীক্ষা রিপোর্ট বিশ্বব্যাংক কর্তৃক যাচাই বাছাই করা হয়েছে। উক্ত রিপোর্টটি পর্যালোচনা করতঃ বিশ্ব ব্যাংক কর্তৃক উপদেষ্টা প্রতিষ্ঠান Royal Haskonig কে প্রকল্পের Economic Analysis টি Review করে দাখিল করতে বলা হয়। সেমতে উপদেষ্টা প্রতিষ্ঠান Economic Aanalysis সহ রিপোর্টটি অতি সম্প্রতি বিশ্ব ব্যাংকে পুনরায় দাখিল করেছে।
৩৬।	কক্সবাজারের বাঁকখালী নদীর নাব্যতা রক্ষার্থে ড্রেজিং করা। (কক্সবাজার জেলায় সফরকালে; তারিখঃ ০৩/০৪/২০১১)	-			“কক্সবাজার জেলার বাঁকখালী নদীর ড্রেজিং” শীর্ষক একটি প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ ২২৮.২৪ কোটি, বাস্তবায়নকাল মার্চ/২০১২ হতে জুন/২০১৪) ডিপিপি ০৫/০৪/২০১২ তারিখে পরিকল্পনা কমিশন হতে অনুমোদনবিহীন অবস্থায় পানি সম্পদ মন্ত্রণালয়ে ফেরত প্রদান করা হয়। পরবর্তীতে ৩১/০৩/২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডের কারিগরি মূল্যায়ন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ১২৭.০০ কোটি টাকা ব্যয় সম্বলিত “কক্সবাজার জেলার বাঁকখালী নদীর ড্রেজিং (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্পের ডিপিপি গত ২৯/১২/২০১৪ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে পাওয়া গেছে এবং ১৫/০১/২০১৫ তারিখে এর যাচাই-বাছাই সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ১৯/০৩/২০১৫ তারিখে পাসমতে প্রেরণ করা হয়েছে।
৩৭।	কক্সবাজার শহর রক্ষা প্রকল্প গ্রহণ।	-			“কক্সবাজার শহর রক্ষা” শীর্ষক প্রকল্পের উপর ২২/০৬/২০১১ তারিখে পরিকল্পনা কমিশনে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল			বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
	(কক্সবাজার জেলায় সফরকালে; তারিখঃ ০৩/০৪/২০১১)				আলোকে পুনর্গঠিত ডিপিপি (প্রাক্কলিত ব্যয় ১৪৬৫৭.৩৯ লক্ষ টাকা, বাস্তবায়নকাল- জুলাই ২০১১ হতে জুন ২০১৪ পর্যন্ত) পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০৪৩.০১৪. ০১.০১.০০৩.২০১০-১৮১ তারিখ-১৮/০৯/২০১১ মোতাবেক পরিকল্পনা কমিশনে প্রেরিত হয়। উক্ত ডিপিপি এর উপর ১৫/০১/২০১২ তারিখে পুনরায় সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তে আলোকে ২.৪১ কিঃমিঃ প্রতিরক্ষা কাজের মধ্যে ১.৫০ কিঃমিঃ সম্বলিত প্রতিরক্ষা কাজ অন্তর্ভুক্ত করে ডিপিপিটি পুনরায় এ প্রেরণ করা হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.৩৫৮. ০১৪.০১.০২.৫২৩.২০১১.২৯৫ মোতাবেক কিছু দিয়ে ডিপিপিটি ফেরত দেয়া হয়। তদানুযায়ী ডিপিপিটি পুনরায় - করে (প্রাক্কলিত ব্যয় ১০০.০৪ কোটি টাকা) গত ০৯/১১/২০১২ তারিখে পাসম এর মাধ্যমে পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরবর্তীতে বিগত ০৫/০২/২০১৩ সভায় প্রস্তাবটি উত্থাপিত হয়। উক্ত সভায় প্রকল্পটির সফল বাস্তবায়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের সাথে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, যোগাযোগ মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের সমন্বিতভাবে নতুন করে প্রকল্প প্রস্তাবনা প্রণয়নপূর্বক জরুরীভিত্তিতে দাখিল করার নির্দেশ দেয়া হয়। গত ০৪/১২/২০১৪ তারিখে জেলা প্রশাসক, কক্সবাজারের সভাপতিত্বে ও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সচিব মহোদয়ের উপস্থিতিতে সকল স্টেক হোল্ডারদের নিয়ে “কক্সবাজার শহর রক্ষা” শীর্ষক প্রকল্পের বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে কক্সবাজার পৌরসভা, সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর যৌথ উদ্যোগে সমন্বিত ডিপিপি পুনর্গঠনের কাজ মাঠ পর্যায়ে প্রক্রিয়াধীন রয়েছে, যা শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।
৩৮।	ব্রহ্মপুত্র নদ খনন। (ময়মনসিংহ জেলা সফরকালে; তারিখঃ ৩১/০৩/২০১১)	-			মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে ডিপিপি প্রণয়নের জন্য ২৪টি নদীর ড্রেজিং সংশ্লিষ্ট “Feasibility Study of Capital Dredging and Sustainable River Management in Bangladesh” শীর্ষক একটি সমীক্ষা সম্পাদনের জন্য প্রধান পরামর্শক হিসাবে আন্তর্জাতিক ও দেশীয় পরামর্শকগণ এর সমন্বয়ে গঠিত JV of CES (India)-DEMAS (Netherlands)-DHI (Denmark)-BETS-EPC-DEVCON এর সঙ্গে গত ০৪-০৮-২০১১ ইং তারিখে নিয়োগ চুক্তি সম্পন্ন হওয়ার পর গত ০৪-০৯-২০১১ ইং তারিখ হতে পরামর্শক প্রতিষ্ঠানটি কাজ শুরু করেন। এ সমীক্ষায় অর্ন্তভুক্ত ২৪টি নদীর মধ্যে ব্রহ্মপুত্র নদও অর্ন্তভুক্ত আছে। সমীক্ষা সমাপ্ত করে পরামর্শক প্রতিষ্ঠানটি বিগত ৩০ এপ্রিল, ২০১৪ তারিখে খসড়া চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে। বিগত ২৮ জুন ২০১৪ তারিখে উক্ত খসড়া প্রতিবেদনের উপর জাতীয় পর্যায়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে খসড়া চূড়ান্ত প্রতিবেদনের উপর “Pannel of Experts” এর মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে “Pannel of Experts” এর মতামত পাওয়া গেছে যার ভিত্তিতে Main Consultant কর্তৃক সমীক্ষা প্রতিবেদন সংশোধন পূর্বক আগামী এপ্রিল ২০১৫ এর মধ্যে চূড়ান্ত করা হবে। উক্ত চূড়ান্ত প্রতিবেদনের আলোকে পরবর্তীতে ব্রহ্মপুত্র নদ খননের বিষয়ে ব্যবস্থা নেয়া সম্ভব হবে।
৩৯।	ভৈরব নদী পুনঃখনন (যশোর জেলা সফরকালে ভৈরবী নদী পুনঃখননের সদয় প্রতিশ্রুতি দেন; তারিখঃ ২৭/১২/২০১০)	-			অনুন্নয়ন রাজস্ব বাজেটের আওতায় যশোর জেলায় “Detail Feasibility Study for drainage improvement and sustainable water management of Bhariab river Basin” শিরোনামে IWM কর্তৃক সমীক্ষা কাজ (চুক্তি মূল্য-১.৪২ কোটি টাকা) ৩০/০৪/২০১৩ তারিখে সম্পন্ন হয়েছে। সমীক্ষার সুপারিশের আলোকে “Drainage improvement and sustainable water management of Bhariab river Basin” (৩৪৯.৩৮ কোটি টাকা ব্যয় সম্বলিত) শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপি ০৫.০২.২০১৫ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে পাওয়া গেছে। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।
৪০।	ভোলা জেলার চর কুকরী মুকরী বেড়ীবাঁধ ও ঘোষেরহাট এবং রামনেওয়াজ লঞ্চঘাট এলাকায় নদী ভাঙ্গনরোধকরণের ব্যবস্থা গ্রহণ। (ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে একযোগে দেশব্যাপী ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র উদ্বোধনকালে; তারিখঃ ১১/১১/১০)	৩০/০৬/২০১৫ (প্রকল্প প্রস্তাবনা অনুযায়ী)			ঘোষেরহাট ও রামনেওয়াজ এলাকার নদী ভাঙ্গনরোধ প্রকল্পটি (প্রাক্কলিত ব্যয় ১২৯.৭৮ কোটি টাকা; বাস্তবায়নকাল জুলাই/২০১৩ হতে জুন/২০১৫ পর্যন্ত) জলবায়ু পরিবর্তন রেজিলিয়েন্স ফান্ডের আওতায় বাস্তবায়নের নিমিত্তে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত যাচাই কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক পুনর্গঠিত প্রকল্প প্রস্তাবনা ২৬/০৫/২০১৩ তারিখে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং পরিবেশ ও বন মন্ত্রণালয় হতে পরবর্তীতে বিশ্বব্যাংক বাংলাদেশ অফিসে প্রেরণ করা হয়। জলবায়ু পরিবর্তন রেজিলিয়েন্স ফান্ডের আওতায় পর্যাপ্ত ফান্ড না থাকায় এ মুহূর্তে প্রকল্প অনুমোদন করা সম্ভব নয় বলে পরিবেশ ও বন মন্ত্রণালয় হতে পানি সম্পদ মন্ত্রণালয়কে জানানো হয়। পরিবেশ ও বন মন্ত্রণালয়ে যোগাযোগ করা হলে বাংলাদেশ জলবায়ু রেজিলিয়েন্স ফান্ড এ অর্থের স্বল্পতার কারণে প্রকল্পটি নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়কে অনুরোধ জানান। এমতাবস্থায় বর্ণিত প্রকল্পটি জলবায়ু পরিবর্তন রেজিলিয়েন্স ফান্ড হতে দ্রুত বাস্তবায়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় হতে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ডিপিপি প্রণয়নের কাজ বাপাউবো’র মাঠ পর্যায়ে প্রক্রিয়াধীন যা এপ্রিল/২০১৫ মাসের মধ্যে প্রেরণ করা সম্ভব হবে বলে মাঠ দপ্তর হতে জানানো হয়েছে।

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল			বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
৪১।	তিতাস নদী খনন করা। (০৭/১১/২০১০ তারিখ কুমিল্লা জেলার তিতাস উপজেলায় অনুষ্ঠিত জনসভায়)।	-			মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্তে মাঠ পর্যায় জরিপ, কারিগরি দিক যাচাই বাছাই এবং নকসা প্রণয়ন করে “কুমিল্লা জেলার তিতাস ও হোমনা উপজেলার তিতাস নদী পুনঃখনন প্রকল্প; (প্রাক্কলিত ব্যয় ১১৯০৯ কোটি টাকা, বাস্তবায়নকাল- মার্চ/২০১২ হতে জুন/২০১৫)” শিরোনামে একটি ডিপিপি প্রণয়ন করা হয়। বাপাউবো হতে ১৪.৯.১১ এ ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তিতে ০৭/০২/২০১২ তারিখে শীর্ষক প্রকল্পের উপর পানি সম্পদ মন্ত্রণালয়ে যাচাই সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে ২৬.২.১২ এ পূর্ণগঠিত ডিপিপি বোর্ডে দাখিল এবং ২৭.২.১২ তারিখে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ডিপিপি ০২/০৪/২০১২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। কারিগরি, সামাজিক, পরিবেশ ও অর্থনৈতিক সমীক্ষার জন্য পরিকল্পনা কমিশন গত ০৮/০৫/২০১২ তারিখে ডিপিপিটি ফেরত প্রদান করে। সমীক্ষার জন্য ২৪টি নদী ড্রেজিং সংশ্লিষ্ট “Feasibility Study of Capital Dredging and Sustainable River Management in Bangladesh” শীর্ষক সমীক্ষার Draft Final Report এর উপর “Pannel of Experts” এর প্রতিবেদন পাওয়া গেছে। “Pannel of Experts” এর মতামতের ভিত্তিতে Main Consultant কর্তৃক সমীক্ষা প্রতিবেদন সংশোধন পূর্বক আগামী এপ্রিল ২০১৫ মাসের মধ্যে চূড়ান্ত করা হবে। সমীক্ষা প্রকল্পে অন্যান্যদের মধ্যে তিতাস নদীও অন্তর্ভুক্ত রয়েছে। পরবর্তীতে তিতাস নদী খননের বিষয়ে ব্যবস্থা নেয়া সম্ভব হবে।
৪২।	ব্রাহ্মণবাড়ীয়া জেলার তিতাস নদী পুনঃখনন করা (ব্রাহ্মণবাড়ীয়া জেলায় অনুষ্ঠিত এক জনসভায়; তারিখঃ ১২/৫/২০১০)	-			“তিতাস নদী পুনঃখনন” প্রকল্পের ডিপিপি (প্রাক্কলিত ব্যয় ৫৯৪.০৬ কোটি টাকা) ০২/০৪/২০১২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে কারিগরি, সামাজিক, পরিবেশ ও অর্থনৈতিক সমীক্ষার জন্য পরিকল্পনা কমিশন গত ০৮.০৫.২০১২ তারিখে ডিপিপিটি ফেরত প্রদান করে। প্রকল্পের সমীক্ষা কাজ ডিসেম্বর/২০১৩ এ সম্পন্ন হয়েছে। সমীক্ষার সুপারিশ অনুযায়ী পূর্ণগঠিত DPP গত ৩১/০৮/২০১৪ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে পাওয়া যায়। মন্ত্রণালয়ে গত ০২/১২/২০১৪ তারিখে অনুষ্ঠিত যাচাই কমিটির সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ১২.০১.২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
৪৩।	সরাইল উপজেলায় বেড়ীবীধ নির্মাণ করা। (ব্রাহ্মণবাড়ীয়া জেলায় অনুষ্ঠিত এক জনসভায়; তারিখঃ ১২/৫/২০১০)	-			“সরাইল উপজেলায় বীধ নির্মাণ প্রকল্পের” ডিপিপির উপর (প্রাক্কলিত ব্যয় ১৭.৪৪ কোটি টাকা) ০৮/০৩/২০১২ তারিখে যাচাই সভা পাসমতে অনুষ্ঠিত হয় এবং তদানুযায়ী প্রকল্পটি Climate Change ট্রাস্ট ফান্ড এর আওতায় প্রস্তাবনা দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সে আলোকে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় বাস্তবায়নের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পুনরায় প্রকল্প প্রস্তাব পাওয়া যায়। পরবর্তীতে পানি সম্পদ মন্ত্রণালয়ে ২৩/০১/২০১৩ তারিখে অনুষ্ঠিত যাচাই কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পূর্ণগঠিত প্রকল্প প্রস্তাবনা (প্রাক্কলিত ব্যয় ১৫.৮৮ কোটি টাকা; বাস্তবায়নকাল- মার্চ/২০১৩ হতে জুন/২০১৪) পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে বাংলাদেশ জলবায়ু ট্রাস্ট ফান্ড (BCCTF) এ অর্থের স্বল্পতার কারণে প্রকল্পটি স্ব-স্ব মন্ত্রণালয়/সংস্থা হতে অর্থায়নের জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয় হতে ১৫/০৫/২০১৪ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়কে অবহিত করা হয়। পরবর্তীতে বাপাউবো’র পক্ষ থেকে বিভিন্ন সভায় অর্থের স্বল্পতার বিষয়টি জলবায়ু পরিবর্তন ট্রাস্টকে অবহিত করা হয়েছে। প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় হতে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং একই সাথে বাপাউবো’র মাঠ পর্যায়ে ডিপিপি প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।
৪৪।	মিষ্টি পানির অভাবে শুকনা মৌসুমে কৃষি কাজ করা যাবে না। তাই হাজা-মজা খাল পুনঃখনন ও খাস জমিতে পুকুর খনন করে সেচের ব্যবস্থা করা। (বরগুনা জেলায় অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ০৬/০৫/২০১০)	-			মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে উক্ত এলাকার খালসমূহ পুনঃখননের নিমিত্তে মাঠ পর্যায় জরিপ, কারিগরি দিক যাচাই বাছাই এবং নকসা প্রণয়ন করে ডিপিপি প্রণয়ন করা হয়। বাপাউবো হতে ১৮/১২/২০১১ তারিখে ২৪৫৬ কোটি টাকা ব্যয় সম্বলিত “খাল পুনঃখনন এবং রেগুলেটর সমূহ রক্ষণাবেক্ষণের মাধ্যমে বরগুনা জেলার উপকূলীয় পোল্ডারসমূহে সেচ সুবিধা প্রদানের লক্ষ্যে মিষ্টি পানি সংরক্ষণ করা” শীর্ষক প্রকল্প পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তিতে ০২/০৪/২০১২ তারিখে শীর্ষক প্রকল্পের উপর পানি সম্পদ মন্ত্রণালয়ে যাচাই সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ১৯/০৬/২০১২ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে পুনরায় পাওয়া যায়। মন্ত্রণালয়ের পর্যাপ্ত বরাদ্দ না থাকায় প্রকল্পটি জলবায়ু ট্রাস্ট ফান্ডের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরবর্তীতে ২৩/০১/২০১৩ তারিখে অনুষ্ঠিত যাচাই কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক পুনর্গঠিত প্রকল্প প্রস্তাব ২৯/০৫/২০১৩ তারিখে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে বাংলাদেশ জলবায়ু ট্রাস্ট ফান্ড এ অর্থের স্বল্পতার কারণে প্রকল্পটি স্ব-স্ব মন্ত্রণালয়/সংস্থা হতে অর্থায়নের জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয় হতে ১৫/০৫/২০১৪ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়কে অবহিত করা হয়। পরবর্তীতে বাপাউবো’র পক্ষ থেকে বিভিন্ন সভায় অর্থের স্বল্পতার বিষয়টি জলবায়ু পরিবর্তন ট্রাস্টকে অবহিত করা হয়েছে। প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় হতে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং একই সাথে বাপাউবো’র মাঠ পর্যায়ে ডিপিপি প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে যা এপ্রিল/২০১৫ মাসের মধ্যে প্রেরণ করা সম্ভব হবে।

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	সমাপ্তির সময়কাল			বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
৪৫।	নদীর নাব্যতা বৃদ্ধির লক্ষ্যে মেঘনা ও ডাকাতিয়া নদী ডেজিং (চৌদপুরে অনুষ্ঠিত এক জনসভায়; তারিখঃ ২৭/৪/২০১০)	-			মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে ডিপিপি প্রণয়নের জন্য ২৪টি নদীর ডেজিং সংশ্লিষ্ট “Feasibility Study of Capital Dredging and Sustainable River Management in Bangladesh” শীর্ষক একটি সমীক্ষা সম্পাদনের জন্য প্রধান পরামর্শক হিসাবে আন্তর্জাতিক ও দেশীয় পরামর্শকগণ এর সমন্বয়ে গঠিত JV of CES (India)-DEMAS (Netherlands)-DHI (Denmark) -BETS-EPC-DEVCON এর সঙ্গে গত ০৪-০৮-২০১১ ইং তারিখে নিয়োগ চুক্তি সম্পন্ন হওয়ার পর গত ০৪-০৯-২০১১ ইং তারিখ হতে পরামর্শক প্রতিষ্ঠানটি কাজ শুরু করেন। এ সমীক্ষায় অর্ন্তভুক্ত ২৪টি নদীর মধ্যে মেঘনা (আপার), মেঘনা (লোয়ার) ও ডাকাতিয়া নদীও অর্ন্তভুক্ত আছে। সমীক্ষা সমাপ্ত করে পরামর্শক প্রতিষ্ঠানটি বিগত ৩০ এপ্রিল, ২০১৪ তারিখে খসড়া চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে। বিগত ২৮ জুন ২০১৪ তারিখে উক্ত খসড়া প্রতিবেদনের উপর জাতীয় পর্যায়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে খসড়া চূড়ান্ত প্রতিবেদনের উপর “Pannel of Experts” এর মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে “Pannel of Experts” এর মতামত পাওয়া গেছে যার ভিত্তিতে Main Consultant কর্তৃক সমীক্ষা প্রতিবেদন সংশোধন পূর্বক আগামী এপ্রিল ২০১৫ এর মধ্যে চূড়ান্ত করা হবে। উক্ত চূড়ান্ত প্রতিবেদনের আলোকে পরবর্তীতে ডাকাতিয়া নদী খননের বিষয়ে ব্যবস্থা নেয়া সম্ভব হবে।
৪৬।	চরআলগী ইউনিয়নের চারপাশে বেড়ীবাঁধ নির্মাণ। (ময়মনসিংহ জেলা সফরকালে; তারিখঃ ৩১/০৩/২০১১)	৩০/০৬/২০১৫ (প্রস্তাবিত ডিপিপি অনুযায়ী)			“চরআলগী ইউনিয়নের চারপাশে বেড়ীবাঁধ নির্মাণ” শীর্ষক প্রকল্পটির ডিপিপি প্রাক্কলিত মূল্য ৬০.৫১ কোটি টাকা, বাস্তবায়নকালঃ জুলাই/২০১২ হতে জুন/২০১৫) ২৬/০৪/২০১২ তারিখে পরিকল্পনা কমিশন হতে অনুমোদনবিহীন অবস্থায় পানি সম্পদ মন্ত্রণালয়ে ফেরত প্রদান করা হয়েছে। বর্তমান সিডিউল দর অনুযায়ী প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক (প্রকল্প ব্যয়-৮৬.৯৫ কোটি টাকা) মাঠ দপ্তর হতে বোর্ডে দাখিল করা হয়। ১৩/১১/২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডের কারিগরি কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি ১৪/০১/২০১৫ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে পাওয়া যায়। বর্ণিত প্রকল্পের বিষয়ে ০৪/০২/২০১৫ তারিখে মন্ত্রণালয়ে যাচাই-বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপিটি পুনর্গঠনের কাজ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে চলমান রয়েছে, ওয়ারপো’র ছাড়পত্র প্রাপ্তি বিলম্বিত হওয়ায় ডিপিপি দাখিল দেবী হচ্ছে। তবে আশা করা যায় চলতি মাসের মধ্যে ডিপিপি দাখিল করা যাবে।
৪৭।	কুড়িগ্রামের ধরলা, ব্রহ্মপুত্র, তিস্তা ও দুধকুমার নদীতে নাব্যতা বৃদ্ধির লক্ষ্যে ডেজিংকরণ (কুড়িগ্রাম জেলায় অনুষ্ঠিত এক জনসভায়; তারিখঃ ০৬/৩/২০১০)	-			মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে ডিপিপি প্রণয়নের জন্য ২৪টি নদীর ডেজিং সংশ্লিষ্ট “Feasibility Study of Capital Dredging and Sustainable River Management in Bangladesh” শীর্ষক একটি সমীক্ষা সম্পাদনের জন্য প্রধান পরামর্শক হিসাবে আন্তর্জাতিক ও দেশীয় পরামর্শকগণ এর সমন্বয়ে গঠিত JV of CES (India)-DEMAS (Netherlands)-DHI (Denmark) -BETS-EPC-DEVCON এর সঙ্গে গত ০৪-০৮-২০১১ ইং তারিখে নিয়োগ চুক্তি সম্পন্ন হওয়ার পর গত ০৪-০৯-২০১১ ইং তারিখ হতে পরামর্শক প্রতিষ্ঠানটি কাজ শুরু করেন। এ সমীক্ষায় অর্ন্তভুক্ত ২৪টি নদীর মধ্যে ধরলা, ব্রহ্মপুত্র, তিস্তা ও দুধকুমার নদীও অর্ন্তভুক্ত আছে। সমীক্ষা সমাপ্ত করে পরামর্শক প্রতিষ্ঠানটি বিগত ৩০ এপ্রিল, ২০১৪ তারিখে খসড়া চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে। বিগত ২৮ জুন ২০১৪ তারিখে উক্ত খসড়া প্রতিবেদনের উপর জাতীয় পর্যায়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে খসড়া চূড়ান্ত প্রতিবেদনের উপর “Pannel of Experts” এর মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে “Pannel of Experts” এর মতামত পাওয়া গেছে যার ভিত্তিতে Main Consultant কর্তৃক সমীক্ষা প্রতিবেদন সংশোধন পূর্বক আগামী এপ্রিল ২০১৫ এর মধ্যে চূড়ান্ত করা হবে। উক্ত চূড়ান্ত প্রতিবেদনের আলোকে পরবর্তীতে ধরলা, ব্রহ্মপুত্র, তিস্তা ও দুধকুমার খননের বিষয়ে ব্যবস্থা নেয়া সম্ভব হবে।
৪৮।	বাগেরহাট জেলাধীন কোদালিয়া আড়ুয়ার্দিহি, কেন্দুয়া, নার্নিয়া বিলের কৃষি জমি চাষ উপযোগী করার কর্মসূচী প্রকল্প বাস্তবায়িত হবে ইনশাল্লাহ। (জাতীয় সংসদ নির্বাচন, ২০০৮ এর নির্বাচনী জনসভায় মোল্লারহাট কলেজে মাঠে) (পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০৩৮.০১৮. ০২.০০.০৪০.২০১০-৩৭ তারিখঃ ০৭/০৭/২০১০ মোতাবেক মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পে অর্ন্তভুক্ত করা হয়েছে)।	-			“বাগেরহাট জেলার পোন্ডার নং-৩৬/১ পুনর্বাসন প্রকল্পের আওতায় কোদালিয়া, আড়ুয়ার্দিহি, কেন্দুয়া, নার্নিয়া বিল উন্নয়ন প্রকল্প” শিরোনামে ২৭৯.৪৭ কোটি টাকা ব্যয় সম্বলিত (বাস্তবায়ন কাল জুলাই ২০১১ থেকে জুন ২০১৪) একটি ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে পূর্ণাঙ্গ সামাজিক পরিবেশগত এবং কারিগরি সমীক্ষা সম্পাদনপূর্বক তার ভিত্তিতে প্রকল্পটি পুনঃপ্রস্তাবের নিমিত্তে ডিপিপি ফেরত প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে সমীক্ষার জন্য IWM কে ০২/০৪/২০১২ তারিখে (ব্যয় ১.২৪ কোটি টাকা) নিয়োগ দেয়া হয়েছে। ডিসেম্বর/২০১৩ তে final report পাওয়া গিয়াছে। সমীক্ষার সুপারিশের আলোকে পুনর্গঠিত ডিপিপি ০২/১১/২০১৪ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে পাওয়া যায়। মন্ত্রণালয়ে গত ২৩/১১/২০১৪ তারিখে অনুষ্ঠিত যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ০৩.০২.২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

**মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন**

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
১	জামালপুর জেলাধীন ইসলামপুর উপজেলার যমুনা নদী ক্যাপিটাল ড্রেজিং প্রকল্পে অন্তর্ভুক্তিকরণ। তারিখঃ ১৬-১১-২০১৪				মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে ডিপিপি প্রণয়নের জন্য ২৪টি নদীর ড্রেজিং সংশ্লিষ্ট “Feasibility Study of Capital Dredging and Sustainable River Management in Bangladesh” শীর্ষক একটি সমীক্ষা সম্পাদনের জন্য প্রধান পরামর্শক হিসাবে আন্তর্জাতিক ও দেশীয় পরামর্শকগণ এর সমন্বয়ে গঠিত JV of CES (India)-DEMAS (Netherlands)-DHI (Denmark) -BETS-EPC-DEVCON এর সঙ্গে গত ০৪-০৮-২০১১ ইং তারিখে নিয়োগ চুক্তি সম্পন্ন হওয়ার পর গত ০৪-০৯-২০১১ ইং তারিখ হতে পরামর্শক প্রতিষ্ঠানটি কাজ শুরু করেন। এ সমীক্ষায় অর্ন্তভুক্ত ২৪টি নদীর মধ্যে ধরলা, ব্রহ্মপুত্র, তিস্তা ও দুধকুমার নদীও অর্ন্তভুক্ত আছে। সমীক্ষা সমাপ্ত করে পরামর্শক প্রতিষ্ঠানটি বিগত ৩০ এপ্রিল, ২০১৪ তারিখে খসড়া চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে। বিগত ২৮ জুন ২০১৪ তারিখে উক্ত খসড়া প্রতিবেদনের উপর জাতীয় পর্যায়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে খসড়া চূড়ান্ত প্রতিবেদনের উপর “Pannel of Experts” এর মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে “Pannel of Experts” এর মতামত পাওয়া গেছে যার ভিত্তিতে Main Consultant কর্তৃক সমীক্ষা প্রতিবেদন সংশোধন পূর্বক আগামী এপ্রিল ২০১৫ এর মধ্যে চূড়ান্ত করা হবে। উক্ত চূড়ান্ত প্রতিবেদনের আলোকে পরবর্তীতে যমুনা নদী খননের বিষয়ে ব্যবস্থা নেয়া সম্ভব হবে।
২	কক্সবাজার জেলাধীন চকোরিয়া উপজেলার চকোরিয়া পৌরসভার ফাসিয়াখালী গুনিয়া বেড়িবীধ সংস্কার। তারিখঃ ২৪-০৯-২০১৪				
৩	কক্সবাজার জেলাধীন চকোরিয়া উপজেলাধীন বিএম চর ইউনিয়নের উঃ বহদারহাট কন্যার কুম বেড়িবীধ মাটি ভরাটের মাধ্যমে উন্নয়ন। তারিখঃ ২৪-০৯-২০১৪				
৪	তিস্তা পানি বন্টন চুক্তি স্বাক্ষরের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় ও যৌথ নদী কমিশনকে চূড়ান্তকৃত চুক্তি স্বাক্ষরের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। তারিখঃ ১১-০৫-২০১৪				
৫	গঙ্গা চুক্তির আলোকে গঙ্গা ব্যারেজ নির্মাণের পদক্ষেপ গ্রহণে যৌথ নদী কমিশনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারিখঃ ১১-০৫-২০১৪				
৬	প্রকৃতির সঙ্গে খাপ খাইয়ে নদী শাসন এবং বন্যা নিয়ন্ত্রণে পদক্ষেপ গ্রহণ এবং নদীর স্বাভাবিক গতি প্রবাহ অক্ষুন্ন রেখে নাব্যতা উন্নয়নে এবং বীধ ও স্লুইস গেইট নির্মাণে সতর্ক হতে হবে। তারিখঃ ১১-০৫-২০১৪				
৭	ব্রহ্মপুত্র-যমুনা নদীর মত বড় নদীগুলো ড্রেজিং এর মাধ্যমে গভীরতা বৃদ্ধি করে প্রসঙ্গত কমিয়ে এনে বিপুল পরিমাণ ভূমি পুনরুদ্ধার করে পরিকল্পিত জনপদ ও শিল্প পার্ক নির্মাণ করতে হবে। তারিখঃ ১১-০৫-২০১৪				
৮	নদীর নাব্যতা রক্ষার্থে নদ-নদীসমূহ নিয়মিত ড্রেজিং করার জন্য প্রয়োজনীয় সংখ্যক ডেজার সংগ্রহ করে সরকারী অর্থে ড্রেজিং কার্যক্রম গ্রহণ করতে হবে।				

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
	তারিখঃ ১১-০৫-২০১৪				
৯	বুড়িগঙ্গাসহ ঢাকার চারপাশের নদীসমূহের নাব্যতা বৃদ্ধি ও দূষণ রোধকল্পে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার সাথে সমন্বয় করে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারিখঃ ১১-০৫-২০১৪				
১০	পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দকৃত বাজেট প্রয়োজনের তুলনায় অপ্রতুল বিধায় পর্যাপ্ত অর্থ থোক হিসাবে বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। তারিখঃ ১১-০৫-২০১৪				
১১	পানি উন্নয়ন বোর্ডের সারা দেশব্যাপী কার্যক্রম আরো দক্ষতার সম্পাদনের লক্ষ্যে প্রস্তাবিত <b>need based</b> জনবল অনুমোদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারিখঃ ১১-০৫-২০১৪				পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কৃষি প্রধান বাংলাদেশে সেচের মাধ্যমে খাদ্য নিরাপত্তায় সহযোগিতাকারী একটি জাতীয় গুরুত্বপূর্ণ সংস্থা। ১৯৫৯ সালের অর্ডিন্যান্স নং-১ অনুযায়ী পূর্ব পাকিস্তান পানি ও বিদ্যুৎ উন্নয়ন কর্তৃপক্ষ (ইপিওয়্যাপদা) সৃষ্টি করা হয়। পরবর্তীতে ১৯৭২ সালের প্রেসিডেন্ট অর্ডার নং-৫৯ মোতাবেক তদানীন্তন ইপিওয়্যাপদার “পানি উইং” নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাউবো) নামে একটি স্বতন্ত্র সংস্থা সৃষ্টি করা হয়। শুরুতে এর অনুমোদিত জনসংখ্যা ছিল ২৪,৩৬৮ জন। সংস্থাটি সৃষ্টি হওয়ার পর থেকে বিভিন্ন সময় জনবল হ্রাস করা হয়। ১৯৮৫ সালে উক্ত সংস্থার জনবল এনাম কমিটির মাধ্যমে ১৮০৩২ জন অনুমোদন করা হয়। অতঃপর ১৯৯৮ সালে এর জনবল ১৮০৩২ থেকে কমিয়ে ৮৯৩৫ জন করা হয়।  বর্তমানে পাউবো'র কর্মপরিধিসহ প্রকল্পের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বাস্তবতার আলোকে Need Based Set-up এ পাউবো'র জন্য সংশোধিত ১৫০৬৭ জন জনবলের প্রস্তাব ১০-০৮-২০১১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.১৫৭.০২৮.০৩.০১৯.২০০৬(অংশ-১)-২২৭; তারিখঃ ০৩/১০/২০১১ খ্রিঃ এর মাধ্যমে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জন্য ৬৪৫৯ টি পদ সৃজন ও ১৮০০টি পদ বিলুপ্ত করে মোট ১৩৫৯৪ জনের Need Based Setup জনবল কাঠামো সুপারিশ করে। উক্ত সুপারিশের প্রেক্ষিতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৭.০০.০০০০.১২৮.৪২.০১৪.১১-১৩০; তারিখঃ ০৩-১১-২০১৪খ্রিঃ এর মাধ্যমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জন্য ১৮০০টি পদ বিলুপ্তি এবং ৫৯৫টি আর্মড গার্ড (আনসার) এর পদ অঙ্গীভূতকরণের (Embodiment) মাধ্যমে পূরণের জন্য উক্ত পদসমূহ ব্যতিরেকে ৫৪৯৯টি নতুন পদ সৃজন করে মোট ১২৬৩৪ জনের Need Based Setup জনবল কাঠামো সুপারিশ করে।
১২	ঢাকাস্থ গ্রীণ রোডে পানি উন্নয়ন বোর্ডের নিজস্ব জায়গায় পানি ভবন নির্মাণের প্রকল্পসহ উক্ত এলাকায় অবস্থিত জলাধার- পুকুর রক্ষা করে সংস্থার সকল দপ্তরের স্থান সংকুলান হয় এমন বহুতল ভবন নির্মাণ করতে হবে। তারিখঃ ১১-০৫-২০১৪				ঢাকাস্থ গ্রীণ রোডে পানি উন্নয়ন বোর্ডের নিজস্ব জায়গায় “পানি ভবন নির্মাণের” ১ম পর্যায়ের কাজ জুন/২০১৬ তে সম্পন্ন হবে। ১ম পর্যায় ২টি বেজম্যান্ট ও ৩টি ফ্লোর নির্মাণ কাজ অন্তর্ভুক্ত রয়েছে। ২য় পর্যায়ে অনুমোদিত নকসা অনুযায়ী ২টি বেজম্যান্ট ও ১২ তলা ভবন নির্মাণ কার্যক্রম অন্তর্ভুক্ত আছে। প্রতিটি ফ্লোরের ৩৫,০০০ বর্গফুট জায়গার সংস্থান রয়েছে। পানি ভবন নির্মাণ কাজ সার্বিকভাবে সম্পন্ন হলে সংস্থান সকল দপ্তরের সংকুলান সম্ভব হবে এবং প্রকল্প এলাকায় অবস্থিত জলাধার, পুকুর সংরক্ষণ করা যাবে।
১৩	জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে সন্দ্বীপ-কোম্পানীগঞ্জ সড়ক বীধ নির্মাণ। তারিখঃ ১৮-০২-২০১৪				

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি এবং নির্দেশনা মোতাবেক গৃহীত ৫টি অগ্রাধিকার (অনিষ্পন্ন) প্রকল্পের প্রস্তাবনা

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রী'র নির্দেশনা	সমাপ্তির সময়কাল	বাস্তবায়ন সমস্যা (যদি থাকে)	সমাধানের জন্য প্রদত্ত প্রস্তাব	বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য
১	২	৩	৪	৫	৬
১ (২৪)	চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার আলাতুলি ইউনিয়নের পদ্মা নদীর ভাঙ্গনরোধকল্পে নদী শাসন এবং একইসাথে জিকে সেচ প্রকল্পের আদলে সেচ সুবিধা সৃষ্টির লক্ষ্যে মহানন্দা নদী ড্রেজিং করা এবং প্রয়োজনবোধে রাবার ড্যাম নির্মাণ। (চাঁপাইনবাবগঞ্জ জেলা সফরকালে; তারিখঃ ২৩/০৪/২০১১)	৩০/০৬/২০১৫			
২ (৩০)	কালনী ও কুশিয়ারা নদীতে ক্যাপিটাল ড্রেজিং। (সুনামগঞ্জের তাহিরপুরে অনুষ্ঠিত জনসভায়; তারিখঃ ১০/১১/২০১০)	৩০/০৬/২০১৬			
৩ (৩৭)	কক্সবাজার শহর রক্ষা প্রকল্প গ্রহণ। (কক্সবাজার জেলায় সফরকালে; তারিখঃ ০৩/০৪/২০১১)	-			
৪ (৩২)	কপোতাক্ষ নদ পুনঃখনন (সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় আইলায় বিধ্বস্ত এলাকা পরিদর্শনকালে কপোতাক্ষ নদ পুনঃখননের জন্য নির্দেশ প্রদান করেন এবং যশোর জেলা সফরকালে কপোতাক্ষ নদী পুনঃখননের সদয় প্রতিশ্রুতি দেন; তারিখঃ ২৩/০৭/২০১০ ও ২৭/১২/২০১০)	৩০/০৬/২০১৫			
৫ (৮)	নদীর নাব্যতা রক্ষার্থে নদ-নদীসমূহ নিয়মিত ড্রেজিং করার জন্য প্রয়োজনীয় সংখ্যক ডেজার সংগ্রহ করে সরকারী অর্থে ড্রেজিং কার্যক্রম গ্রহণ করতে হবে। তারিখঃ ১১-০৫-২০১৪				

**২০১৪-২০১৫ অর্থ বছরে পানি উন্নয়ন বোর্ডের e-tender কার্যক্রমের অগ্রগতি**  
**(৩১-০৩-২০১৫ পর্যন্ত)**

Additional Financing of Public Procurement Reform Project II (PPRPII AF) প্রকল্পের আওতায় বিশ্বব্যাংকের সাথে বাংলাদেশ সরকারের চুক্তি অনুযায়ী বাপাউ বোর্ড ২০১১-১২ অর্থ বছর হতে e-tender কার্যক্রম আরম্ভ করে। প্রাথমিক পর্যায়ে একটি পাইলট প্রকল্পের আওতায় ৪টি OTM (Open Tendering Method) দরপত্র আহবান করা হয়। ২০১২-১৩ অর্থ বছরে ১৭৯টি OTM এবং ২১টি LTM (Limited Tendering Method) দরপত্র আহবান করা হয়। ২০১৩-১৪ অর্থ বছরে OTM পদ্ধতিতে মোট ৬৩৯টি এবং ২৮৯টি LTM দরপত্র আহবান করা হয়েছে।

- ২। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড চলতি ২০১৪-১৫ অর্থ বছর হতে উন্নয়ন বাজেট যথা ADP/ CCTF এবং অনুন্নয়ন বাজেট (NDR) এর আওতায় সব ধরনের (৫০.০০ কোটি টাকা পর্যন্ত) OTM এবং LTM এর দরপত্র e-GP এর মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
- ৩। ঠিকাদারগণ CPTU এর মাধ্যমে e-GP পোর্টালে (<http://www.e-procure.gov.bd>) নিবন্ধিত হওয়ার জন্য উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদান করা হয়।
- ৪। নিম্নের সারণী ২টিতে বাপাউবোর আহবানকৃত OTM এবং LTM দরপত্রগুলোর অগ্রগতি প্রদান করা হলো।

**৩১-০৩-২০১৫ পর্যন্ত ই-টেন্ডারিং এর মাধ্যমে দরপত্র আহ্বানের তথ্য:**

ক্রমিক নং	অঞ্চল	মোট বিভাগ (PE)	দরপত্র আহ্বানকারী বিভাগ (PE) সংখ্যা	আহবানকৃত দরপত্র সংখ্যা		মন্তব্য
				OTM	LTM	
১.	প্রকল্প অফিস, ঢাকা	৩	২	১৪	২	
২.	কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা	১১	৮	৬১	১০২	
৩.	উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী	১০	১০	১৬০	-	
৪.	উত্তরাঞ্চল, রংপুর	১২	১১	১৭৬	৬৩	
৫.	মধ্য-পশ্চিমাঞ্চল, ফরিদপুর	১১	৯	১৭৮	১২৬	
৬.	দক্ষিণ-পশ্চিমাঞ্চল, খুলনা	৭	৭	১৪৪	৪৮	
৭.	দক্ষিণাঞ্চল, বরিশাল	৯	৫	৮৭	৩৩	
৮.	পূর্বাঞ্চল, কুমিল্লা	৯	৯	১৭৮	১৪	
৯.	উত্তর-পূর্বাঞ্চল, সিলেট	৫	৫	৯১	৩৮	
১০.	দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম	৪	৪	১৪৩	২৯	
মোট		৮০	৭০	১২৩২	৪৫৫	

OTM পদ্ধতিতে আহবানকৃত ১২৩২টি দরপত্রের বর্তমান অবস্থা নিম্নে প্রদান করা হলো:-

১.	চুক্তি সম্পাদিত	:	৪১৬ টি
২.	NOA প্রদান	:	২৩৭ টি
৩.	দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন	:	৩১৩ টি
৪.	দরপত্র গ্রহণ প্রক্রিয়াধীন	:	১০৮ টি
৫.	পুনঃ দরপত্র আহবান	:	৫০ টি
৬.	দরপত্র Cancel	:	৪৭ টি
৭.	দরপত্র Reject	:	৬১ টি

মোট ৩৯টি পওর বিভাগ হতে সর্বমোট ৪৫৫টি LTM দরপত্র আহবান করা হয়েছে।

- ৫। যে সকল দপ্তর হতে এখন পর্যন্ত e-GP পদ্ধতিতে কোন OTM দরপত্র আহবান করা হয়নি :-

ঢাকা পওর বিভাগ-১, ঢাকা পওর বিভাগ-২, টাংগাইল পানি উন্নয়ন বিভাগ, ঠাকুরগাঁও মেকানিক্যাল বিভাগ, রাজবাড়ী পওর বিভাগ, ভেড়ামারা মেকানিক্যাল(পাম্প)বিভাগ, বরিশাল মেকানিক্যাল বিভাগ, পিরোজপুর পওর বিভাগ, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ।



## ড্রেজার পরিদপ্তরের কার্যক্রমঃ

প্রতিবেদনের তারিখঃ ০৯-০৪-২০১৫

২০১৪-১৫ অর্থবছরে এডিপিভুক্ত ও অনুন্নয়ন রাজস্বখাতভুক্ত প্রকল্পসমূহে গৃহীত ড্রেজিং কাজের অগ্রগতি							
ক্র. নং	ড্রেজিং প্রকল্পের বিবরণ	নিয়োজিত (সম্ভাব্য) ড্রেজারের নাম	ড্রেজারের উৎপাদন ক্ষমতা, ঘনমিটার/ঘন্টা	ড্রেজিং কাজের পরিমাণ, লক্ষ ঘনমিটার	সম্পাদিত ড্রেজিং কাজের পরিমাণ (লক্ষ ঘনমিটার)	বাস্তব অগ্রগতি (%)	মন্তব্য
১	ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলায় ক. লংগন নদী পুনঃ খনন খ. বেমালিয়া নদী পুনঃ খনন	১. চিত্রা, ১৮"	৩০০	৬.৫১	৪.৩৬	৬৭%	জ্বালানী তেল সরবরাহ না থাকায় এবং মাটি ফেলার জায়গা না পাওয়ায় ২টি ড্রেজার বন্ধ রয়েছে।
		২. শীতলক্ষ্যা, ১৮"	৩০০				
		৩. মহানন্দা, ১৮"	৩০০	১৭.৭৭	৪.৭২	২৭%	
২	কালনী-কুশিয়ারা নদী ব্যবস্থাপনা প্রকল্প (১৪.৯৬ কি.মি.)	১. বিশখালী, ২০"	৭০০	২৬.৬৩	৭.৫৭	২৮%	১টি ড্রেজার নতুন পজিশনে স্থানান্তর করতে হবে।
		২. ধানশিড়ি, ২০"	৭০০				
		৩. মনু, ১৮"	৩০০				
৩	বুড়িগঙ্গা নদী পুনঃরুদ্ধার প্রকল্প (নতুন ধলেশ্বরী-পুংলী-বংশী-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) (১০.০০ কি.মি.)	১. ব্রহ্মপুত্র, ১৮"	৩০০	২৫.৩৪	২.১৪	৮%	যান্ত্রিক ত্রুটির জন্য হালদা ও তিতাস ড্রেজারদ্বয় বন্ধ। জ্বালানী তেল সরবরাহ করতে না পারায় বুড়িগঙ্গা ড্রেজারটি বন্ধ।
		২. হালদা, ১৮"	৩০০				
		৩. তিতাস, ১৮"	৩০০				
		৪. বুড়িগঙ্গা, ১৮"	৩০০				
৪	আড়িয়াল খাঁ নদী খনন	১. এস.ডি তিত্তা ১৮" (১১-০২-২০১৫ খ্রিঃ)	৩০০	৯.১১	০.১৬	২%	গ্লাভ ফ্লাশিং পাম্পের সমস্যার কারণে ড্রেজারটি বন্ধ রয়েছে।
৫	গড়াই নদী পুনঃরুদ্ধার প্রকল্প	১. এসডি পদ্মা, ২৬"	১৬০০	২৬.১৪	১০.৮৯	৪২%	উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশে আপাতত ড্রেজিং বন্ধ রয়েছে।
		২. এসডি গড়াই, ২৬"	১৬০০				
৬	জিকে প্রকল্পের পাম্প হাউজ ইনস্টল	১. নবগঙ্গা, ১৮"	৩০০	২.২৫	১.৯৫	৮৬%	ড্রেজিং কাজ সমাপ্ত।
৭	হাওড় এলাকায় আগাম বন্যা প্রতিরোধ রক্তি নদী খনন (রক্তি নদী ড্রেজিং)	১. আবুধাবী, ১৮" (১০-০১-২০১৫ খ্রিঃ)	৩০০	৬.২৮	০.৩৩	৫%	ডাইক নির্মাণাধীন থাকায় ড্রেজারটি বন্ধ।
সর্বমোটঃ				১২০.০৩	৩২.১১	২৬.৭৫%	

ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের অগ্রগতি				
ক্রঃ নং	কাজের বর্ণনা	পরিমাণ	সরবরাহকারী প্রতিষ্ঠান	সরবরাহ গ্রহণের সম্ভাব্য সময়কাল
১	৫০০ মিলিমিটার (২০") কাটার সেকশন সম্পন্ন ড্রেজার ও সংশ্লিষ্ট সরঞ্জাম ক্রয়	২ সেট	Vosta LMG- Karnafuly JV	সেপ্টেম্বর, ২০১৪ তে ড্রেজারদ্বয় সরবরাহ পাওয়া গেছে।
২	৬৫০ মিলিমিটার (২৬") কাটার সেকশন সম্পন্ন ড্রেজার ও সংশ্লিষ্ট সরঞ্জাম ক্রয়	২ সেট	Ellicott Dredgers LLC- Ananda Shipyard & Slipways JV	এপ্রিল, ২০১৫
৩	৬৫০ মিলিমিটার (২৬") কাটার সেকশন সম্পন্ন ড্রেজার ও সংশ্লিষ্ট সরঞ্জাম ক্রয়	২ সেট	Ellicott Dredgers LLC- Ananda Shipyard & Slipways JV	মে, ২০১৫
৪	৫০০ মিলিমিটার (২০") কাটার সেকশন সম্পন্ন ড্রেজার ও সংশ্লিষ্ট সরঞ্জাম ক্রয়	২ সেট	Ellicott Dredgers LLC- Ananda Shipyard & Slipways JV	জানুয়ারী, ২০১৬
৫	৬৫০ মিলিমিটার (২৬") কাটার সেকশন সম্পন্ন ড্রেজার ও সংশ্লিষ্ট সরঞ্জাম ক্রয়	৩ সেট	Vosta LMG- Karnafuly JV	জানুয়ারী, ২০১৬
৬	টাগবোট (১০০০ হর্স পাওয়ার)	৩ টি	Ananda Shipyard & Slipways	মার্চ, ২০১৫

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৪-১৫ সালের এডিপিভুক্ত বিভিন্ন প্রকল্প / উপ-প্রকল্পের জোনওয়ারী ভূমি অধিগ্রহণের অগ্রগতির বিবরণী (সার সংক্ষেপ)  
(৩১-০৩-২০১৫ পর্যন্ত)

আরএডিপিভুক্ত প্রকল্প (অনুমোদিত)

জমির পরিমাণ : হেক্টরে

ক্রমিক নং	জোনের নাম	পিপি অনুযায়ী জমির পরিমাণ	জুন/২০১৪ পর্যন্ত অগ্রগতির পরিমাণ	২০১৪-১৫ সালের ভূমি অধিগ্রহণের কার্যক্রম			ডিসির নিকট প্রস্তাব দাখিলকৃত ভূমির পরিমাণ	অনুমোদন		প্রাক্কলন প্রাপ্ত ভূমির পরিমাণ	তহবিল প্রদানকৃত ভূমির পরিমাণ	দখরপ্রাপ্ত ভূমির পরিমাণ	পেভিং			মন্তব্য
				২০১৩-১৪ সালের জের	২০১৪-১৫ সালের কার্যক্রম	মোট কার্যক্রম (৫+৬)		ডিএলএসি /সিএলএসি	ভূমি মন্ত্রণালয়				জেলা প্রশাসক	ভূমি মন্ত্রণালয়	পাউবো	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
১।	পূর্বাঞ্চল, পাউবো, কুমিল্লা।	১৩.৬৮	৫.১৫	৩.২৩	৫.৩৯	৮.৬২	৫.৩৯	৫.৩৯	-	৫.৩৯	-	২.০০	-	-	৬.৬২	-
২।	উত্তর-পূর্বাঞ্চল, পাউবো, সিলেট	৬১.০০	৪০.৭০	৮.১৮	-	৮.১৮	৮.১৮	৬.১১	-	২.৬৬	২.৬৬	২.৬৬	৫.৫২	-	-	-
৩।	দক্ষিণ-পূর্বাঞ্চল, পাউবো, চট্টগ্রাম	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-
৪।	উত্তর-পশ্চিমাঞ্চল, পাউবো, রাজশাহী	২৩৬.০০	১১.৬৯	৯৭.২৩	৮৮.৫২	১৮৫.৭৫	১৮৫.৭৫	৭৪.২১	৪৬.১০	৪৬.১০	৪৬.১০	-	৮৮.৫২	৯৭.২৩	-	-
৫।	পশ্চিমাঞ্চল, পাউবো, ফরিদপুর	১৫৭২.৬৭	৯৭.১৯	৭৫.৮৮	-	৭৫.৮৮	৭৫.৮৮	৭৫.৮৮	২৪.০০	১.০০	-	-	৪৩.০৬	৩২.৮২	-	-
৬।	দক্ষিণ-পশ্চিমাঞ্চল, পাউবো, খুলনা	৬৩৬.৩৪	২২.৮২	৪৬.৩৮	১৯৮.৯৬	২৪৫.৩৪	২৪৫.৩৪	৪৫.১৬	-	১৮.১৬	১৮.১৬	১৮.১৬	২২৪.৭৫	-	২.৪৩	-
৭।	দক্ষিণাঞ্চল, পাউবো, বরিশাল।	৭৮.০০	-	৩২.৮৩	-	৩২.৮৩	৩২.৮৩	-	-	-	-	-	১১.৫২	২১.৩২	-	-
৮।	উত্তরাঞ্চল, পাউবো, রংপুর।	২৬৫.০০	৫২.৮৪	১৩৭.২২	-	১৩৭.২২	১৩৭.২২	১২০.৩৬	২৮.৮৬	২৮.৮৬	২৮.৮৬	২৮.৮৬	১০৮.৩৬	-	-	-
৯।	কেন্দ্রীয় অঞ্চল, পাউবো, ঢাকা।	৫৯৫.৪৪	৫৪.১৭	১৯.৩৯	-	১৯.৩৯	১.৮৯	-	-	১.৮৯	-	১.৮৯	-	-	১৭.৫০	-
১০।	ইসিআরআরপি প্রকল্প।	১৫৫.৯৬	৫.১৬	৫৯.১৬	-	৫৯.১৬	৫৯.১৬	২০.৯৬	-	২০.৯৬	২০.৯৬	-	-	৫৯.১৬	-	-
	সর্বমোটঃ	৩৬০৯.০৫	২৮৯.৭২	৪৭৯.৫০	২৯২.৮৭	৭৭২.৩৭	৭৫১.৬০	৩৪৮.০৭	৯৮.৯৬	১২৫.০২	১১৬.৭৪	৫৩.৫৭	৪৮১.৭২	২১০.৫৩	২৬.৫৫	

## ২০১৪-১৫ সালের সেচ কার্যক্রম ও অগ্রগতিঃ

২০১৪-১৫ সালে পাউবো এর বৃহৎ ও ক্ষুদ্র সেচ প্রকল্প সমূহের ৩টি মৌসুমে ১০.৪৭ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়। মার্চ ২০১৫, পর্যন্ত ৮.৬০ লক্ষ হেক্টর জমিতে সেচ সুবিধা প্রদান করা হয়েছে।

### ২০১৪-২০১৫ সালের সেচ কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জিত সাফল্য নিম্নরূপঃ

(হেক্টর)

ক্রমিক নং	জোন	২০১৪-১৫ সালের মার্চ, ২০১৫ ইং পর্যন্ত							
		খরিপ-২(জুলাই- অক্টোবর)		রবি (নভেম্বর-ফেব্রুয়ারী)		খরিপ-১ (মার্চ-জুন)		তিন মৌসুমের মোট	
		লক্ষ্যমাত্রা	সাফল্য	লক্ষ্যমাত্রা	সাফল্য	লক্ষ্যমাত্রা	সাফল্য	লক্ষ্যমাত্রা	সাফল্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১।	উত্তরাঞ্চল, রংপুর	৯০৫৬২	৩১০৬৬ (৩৪.৩০৪%)	৯৬৩৭২	৯৫৭৬০	২১৩৪২	৪৩২০	২০৮২৭৬	১৩১১৪৬
২।	উত্তর পশ্চিমাঞ্চল, রাজশাহী	৪৯৯০৩	৪৮৯৮৮ (৯৮.১৬৬%)	৮৩৬১৫	৮০৭৭৭	২২২২২	১১৪০০	১৫৫৭৪০	১৪১১৬৫
৩।	পশ্চিমাঞ্চল, ফরিদপুর	৫৩৫৯৪	৫০৭৮১ (৯৪.৭৫১%)	৩২৮৫৫	৩০৫৭২	১০২১৬	১০৪	৯৬৬৬৫	৮১৪৫৭
৪।	দক্ষিণ-পশ্চিমাঞ্চল, খুলনা	৪১৩৯০	৪১৩৪০ (৯৯.৮৭৯%)	১০৪৩৪৫	১০৪৪১২	৩৭৪৩২	০	১৮৩১৬৭	১৫০৭৫২
৫।	দক্ষিণাঞ্চল, বরিশাল	১৩০৫০	১২৬০০ (৯৬.৫৫২%)	৮৫৮৭৫	৮৬০৪৫	৯০০০	৪৫০	১০৭৯২৫	৯৯০৯৫
৬।	কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা	২১৫০	২১৫০ (১০০%)	১৭০২২৩	১৭০৩৫৩	০	০	১৭২৩৭৩	১৭২৫০৩
৭।	পূর্বাঞ্চল, কুমিল্লা	২৬৫১৫	২২৪১৬	৫২৪৯৮	৫০৪৫৯	০	০	৭৯০১৩	৭২৮৭৫
৮।	উত্তর-পূর্বাঞ্চল, সিলেট	০	০	১০৫৫০	১০৫৫৫	০	০	১০৫৫০	১০৫৫৫
৯।	দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম	০	০	৩৩৫৮৫	৩২৯৩০	০	০	৩৩৫৮৫	৩২৯৩০
	মোট :	২৭৭১৬৪	২০৯৩৪১ (৭৬%)	৬৬৯৯১৮	৬৬১৮৬৩ (৯৯.০০%)	১০০২১২	১৬২৭৪ (১৬.০০%)	১০৪৭২৯৪	৮৯২৪৭৮ (৮৫.০০%)

## সেচ সার্ভিস চার্জ কার্যক্রম ও অগ্রগতিঃ

সেচ সার্ভিস চার্জ ধার্য ও আদায়ের অগ্রগতি (মার্চ, ২০১৫ পর্যন্ত)ঃ-

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	জোনের নাম	প্রকল্পের নাম	সেচ সার্ভিস চার্জ আদায়ের লক্ষ্যমাত্রা		সেচ সার্ভিস চার্জ আদায়ের অগ্রগতি		অগ্রগতি (ক্রমপুঞ্জিত)	
			২০১৩-১৪	২০১৪-১৫	২০১৩-১৪	২০১৪-১৫	চলতি মাসের আদায়	ক্রমপুঞ্জিত আদায়
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯ (৬+৭)
১	পূর্বাঞ্চল, কুমিল্লা	মেঘনা ধনাগোদা সেচ প্রকল্প চাঁদপুর সেচ প্রকল্প সুন্দলপুর সেচ প্রকল্প, পাউবো, কুমিল্লা	৪৫.২৩	৪৫.০০	১৬.৩৭	০.৭০৮	০.৩১৮	১৭.০৭৮
			৫.০০	৫.০০	৩.১৩	০.৭০৪	০.২২৪	৩.৮৩৪
			০.২৬৮	০.২৫০	০.১০৫	০.০২৪	০.২২৪	০.১২৯
২।	দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম	মুহুরী সেচ প্রকল্প কর্ণফুলি সেচ প্রকল্প হারবাং ছড়া সেচ প্রকল্প	৩.০০	৩.০০	০.৫৫	০.০১৫	০.০০	০.৫৬৫
			২.৭০	২.৭০	২.০২১	০.০২৫	০.০০	২.২২৬
			০.২৫	০.২৫	০.০৫	০.০০	০.০০	০.০৫
৩।	উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী	পাবনা সেচ ও পল্লী উন্নয়ন প্রকল্প	১৩.৩৩৮	১১.১৭	২.৩৬১	০.৩৮	০.৩৫	২.৭৪১
৪।	উত্তরাঞ্চল, রংপুর	তিস্তা বাঁধ সেচ প্রকল্প (১ম পর্যায়) টাংগন বাঁধ প্রকল্প বুড়ি তিস্তা প্রকল্প	৪৭.৮৮	১৯.৪১	২৪.২১	৫.৪৭	০.১৩	২৯.৬৮
			০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
			০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৫।	কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা।	এন এন আই প্রকল্প	৮.৭৪৩	৮.০০২	০.৮৬১	০.০০	০.০০	০.৮৬১
৬।	পশ্চিমাঞ্চল, ফরিদপুর	জি কে সেচ প্রকল্প	৪০.০০	২২.০০	১৫.৬৪	৪.০৭	০.১৫	১৯.৭১
	মোট		১৬৩.৭৫	১১৬.৭৮২	৬৫.২৯৮	১১.৫৭৬	১.১৯৬	৭৬.৮৭৪

বিগত ২০১৩-২০১৪ সালের মোট সার্ভিস চার্জ প্রাপ্তিসহ বর্তমান অর্থ বছরের (২০১৪-২০১৫) সেচ সার্ভিস চার্জ লক্ষ্যমাত্রা ও আদায়ের অগ্রগতির সাথে বিগত বছরের একই সময়ের ( মার্চ/ ২০১৫ মাস পর্যন্ত ) সেচ সার্ভিস চার্জ আদায়ের অগ্রগতির তুলনামূলক চিত্র নিম্নরূপঃ-

২০১৩-১৪ সালে		২০১৪-২০১৫ সালে	
মোট লক্ষ্যমাত্রা	মোট প্রাপ্তি	মোট লক্ষ্যমাত্রা	মোট প্রাপ্তি
১৬৩.৭৫	৬৫.২৯৮	১১৬.৭৮২	১১.৫৭৬*

\*মন্তব্যঃ সেচ সার্ভিস চার্জ আদায় কার্যক্রম চলিতেছে যাহা ২০১৫-১৬ সালের জুন মাস পর্যন্ত অব্যাহত থাকবে।